ঐকতান 2020 Oikotan

BENGALI CULTURAL SOCIETY · CLEVELAND · OHIO


শরণাগতদীনার্ত পরিত্রাণপরায়ণে।
সর্বস্যার্ত্তিহরে দেবী নারায়ণী নমোস্তুতে ।।
শুভা ও ব্রজেশ পাকড়াশী

শারদীয়ার প্রীতি ও শুভেচ্ছা

সুজিত, বৈশাখী, সুরঞ্জিত ও সঞ্জনা

Best Wishes and Puja Greetings

Rihan, Tithi and Tarun Podder

সূচীপত্র

Editorial vii
2020 Executive Committee ix
PUJA Schedule xi
BCS Agomoni 2020 xi
Tentative Schedule* xi
Treasurer Report 2019 xiii
Sub-Committees 2020 xv

গল্প ও বিশেষ রচনা

আবোল-তাবোলের দেশে • অত্রিয় ঘোষ 1
শ্যামা মা কি আমার কালো রে... • ব্রজেশ পাকড়াশী 3
এই শীত এই বর্ষা • তিতাস মাহমুদ 5
20/20 IN 2020 • Chandana Sarkar 7
বসুধৈব কুটুম্বকম • অনিল বিশ্বাস (কলকাতা) 9
ভালবাসার উত্তরাধিকার • দেবপ্রিয়া গোস্বামী 11
পরিচয় • পল্লব ভট্টাচার্য্য 15
দৈবের বশে, প্রবাসে • নবীন নাগ 17
Pandemic • Taniya Talukdar 21
Stopping Hitler and the Autumn of 1943 • Rajanya Bishi 27
Why is Durga Puja 35 days after Mahalaya in 2020? • Raja P Kumar 37
A Memorable Trip • Aniket Sen, Freshman, Aurora, OH 39
Guitly, Though Never Charged • Swapna Banerjee 41
Neorealism in Satyajit Ray's Movies • Mandira Chattopadhyay 45
Life Is A Rainbow • Rajonya Pramanik 47
আমার কথা কি তোমারও? • সুদেষ্ণা বিশী 49
WWW.অন্তরাল.নেই • সুজয় দত্ত (ক্লীভল্যান্ড, ওহায়ো) 51
করোনাভাইরাস / টাচফোন (অনুনাটিকা) • রাজু দাস 55
মানবিক মূল্যবোধ • নমিতা দাস (কলকাতা) 59

কবিতা ও ছড়া

অন্য অজুহাতে • ড. আতিউর রহমান 65
উজ্জীবন • ব্রতী ভট্টাচার্য 65
On His Deep Memories • Jahar Haque 67
Silently • Sanchita Mal Sarkar 68
Lockdown পাঁচালী • দেবপ্রিয়া গোস্বামী 69
The Hardships of a Table • Sourya Bhattacharya (10 Years) 71
Very Berry • Anahita Chowdhury (8 Years) 73

অঙ্কন

Snehakshi Mondal (6 Years) 75
Ayona Sen (7 Years) 75
Rohan Ghosh (9 Years) 76
Riyana Sengupta (8 Years) 76
Nehali Dey (9 Years) 76
Anushka Goswami (9 Years) 77
Aaryav Mukherjee (8 Years) 77
Prachaya Upreti (9 Years) 78
Rishabh Deb (9 Years) 78
Aaditri Ghosh (9 Years) 79
Sonakshi Mondal (11 Years) 79
Aryan Ghosh (12 Years) 80
Aanavi Biswas (11 Years) 80
Sumeet Chakravari (13 Years) 81
Riddhima Deb (13 Years) 82
Aankhee Talukdar (15 Years) 83
Chumki Deb 84
Puja Ghosh 85
Seema Das 85
Debolina Maity 87
Sharbani Ghosh 87
অমিতাভ চৌধুরী 89
শুভজিৎ ব্যানার্জী 91

কমিক্স

গণেশের বাহন • শুভজিৎ ব্যানার্জী 92

প্রচ্ছদ চিত্র

সুস্মিতা দে

Editorial

As we wait for this
hell to end every day,
We can't do anything
but to hope and pray.

Written by Swastika Datta, these lines are relevant in today's time.

Durgatsav is here again, but this year things are somber. There is no excitement in the air, no hustle about the pujo preparations, women aren't enthusiastic about which saris to wear, men aren't looking forward to catching up with their community brothers for the 3-days of pujo and the children aren't going to be running around with their friends in complete abandonment.

BCS 2020 commenced the year on a great note. With a successful Saraswati Puja hosted at the Shiva Vishnu Temple, the Executive Committee, and most importantly, the community members were fully engaged and set a great tone for the events to come.

From the arrangements of the Pujo, to the food quality, to the cultural program for the kids, everything went smoothly. However, we're unfortunately unable to follow-up, but we're a resilient bunch!

With this challenge of social distancing, the 2020 EC got innovative and learned to keep up with the current times by moving all programs to the virtual world.

An online live adda session was organized by the cultural secretaries aptly titled, Aaj Ektu Golpo Hok. This program, which was first of its kind for BCS, saw participation from all quarters of the community including senior members.

Keeping up with the social responsibility spirit, there were multiple fundraising campaigns executed successfully. While we initially started a campaign for Covid-19 here in Cleveland, it had to be expanded to raise funds for Amphan, the cyclone that caused widespread damage in West Bengal, to help our brothers and sisters in need back home. We were fortunate to raise significantly more funds than our original goal, which shows the undeterred support of our community members!

The virtual summer program was next in line; it was a celebration of life itself. In lieu of the Baishakhi Sandhya this year, we hosted Jibon, Joy O Prarthana - that saw performances by local artists.

Being a broadcasted event, this gave the opportunity to the performers to get more creative and the result was some greatly shot videos. It really highlighted the production qualities and capacities of some of our members.

Renal Consultants Inc. of Canton

Wishes everyone a

Happy Durga and Laxmi Puja



Dr. A. Maitra Dr. A. Kontamwar

Specialists in Kidney Diseases, Hypertension, Internal Medicine

2020 Executive Committee

President – Rajlakshmi Ghosh

Vice Presidents - Taniya Talukdar, Partha Sen

Secretaries - Shaubhik Goswami, Sandeepan Dutta

Treasurers – Amit Ghosh, Rajib Pramanik

Cultural Secretaries - Ambalika Das Gupta, Soumyajit Paul

Youth Coordinators - Aankhee Talukdar, Debjoyee Sadhukhan,
Wriddhi Nandan

Trustees - Soumitra Ghosh, Jahrul Haque
Bhaswati Bandyopadhyay

BIJOYA GREETINGS...

DHARMINDER L. KAMPANI

ATTORNEY-AT-LAW

Key Bank Building
17140 Lorain Avenue
Cleveland, Ohio 44111
Office: (216) 251-8023

PUJA Schedule

BCS Agomoni 2020

Tentative Schedule*

Friday Oct 23
8:00 PM - Kid's Agomoni (Children's Cultural Program)

Saturday Oct 24
11:00 AM – Live telecast of Durga Puja at Shiva Vishnu Temple, Parma, OH
3:00-5:00 PM – Dinner pickup
8:30 PM – Virtual live concert by SaReGaMaPa famed artists Sourav Das and Swarnali Bose

Sunday Oct 25
1:00 PM – Pujor Saaj (photo contest)
2:00 PM – Online General Body Meeting
4:00 PM – Natok "Bharaate Chai" directed by Pallab Bhattacharya

Saturday Nov 7
Lakshmi Puja – Live telecast of Durga Puja at Shiva Vishnu Temple, Parma, OH, Time TBD.

Sunday Nov 8
11:30 AM – Virtual live concert by singer Sohini Bhattacharya

*Kindly note that that due to the pandemic, schedule may change.

শারদোৎসবের শুভেচ্ছাসহ...

তৃণা, এ্যালিসা, প্রান্তিক, সমীরা

গোপাল ও শিপ্রা সাহা

Sub-Committees 2020

Priests
Brojesh Pakrashi (Convener)
Smarajit Bandyopadhyay
Kaushik Ghoshal

Puja Preparation
Anuradha Bhadra
Shyamasree Datta
Ambalika Das Gupta
Amrita Kobi
Mahua Das Sharma

Technical Help
Sandeepan Dutta
Soumyajit Paul
Soumen Bhattacharya
Shaubhik Goswami

Saraswati Puja 2020

Protima Transportation
Ananya Biswas
Rupak Deb
Arunabha Kundu
Jayatu Das Sarma
Jaydip Das Gupta
Bikram Roy

Dadhi Karma
Shyamasree Datta
Subhashri Ghosh
Swapna Banerjee
Rajlakshmi Ghosh

Overall Logistics
Jaydip Das Gupta
Soumyajit Paul
Partha Sen
Shaubhik Goswami
Utpal Dutta
Bikram Roy

Mandap Decoration
Rupak Deb
Seema Das
Ananya Biswas
Rabisankar Talukdar
Aankhee Talukdar
Arunabha Kundu
Debjani Kundu
Soumyajit Paul
Punam Pramanik

Kids Program Help
Rani Sen
Chumki Deb
Debopriya Goswami
Mahua Das Sharma

Kids Sit n Draw
Shaubhik Goswami
Bikram Roy

Puja Prasad
Sujata Mitra
Sudeshna Mitra
Sanchita Mal Sarkar
Rani Sen
Puja Ghosh
Debopriya Goswami
Debjani Kundu
Punam Pramanik
Korobi Dey
Sugata Chatterjee

Khichuri Team
Jaharul Haque (Convener)
Utpal Datta (Convener)
Ranjan Dutta
Ramen Majumdar
Paritosh Chatterjee
Niloy Bhadra
Prabar Ghosh
Jaydip Das Gupta
Ananya Biswas

Fundraising and Advertisement
Taniya Talukdar
Rajib Pramanik
Amiya Ghosh
Ambalika Das Gupta

Social Media & Communications
Taniya Talukdar
Kingshuk Das
Soumen Bhattacharya
Soumyajit Paul

Puja Magazine
Soumen Bhattacharya (Convener)
Susmita Dey (Cover Art Design)
Debolina Maity (Logo)
Amrita Nandi
Taniya Talukdar
Sandeepan Dutta
Soumyajit Paul

Cultural Program
Ambalika Das Gupta
Soumyajit Paul
Pallab Bhattacharya
Seema Das

Youth Coordinators
Wriddhi Nandan
Debjoyee Sadhukhan
Aankhee Talukdar

আবোল-তাবোলের দেশে

অত্রিয় ঘোষ

"রাম গরুড়ের ছানা, হাসতে তাদের মানা।" আর হাসবোই বা কি করে, এই বছরটা যা কাটলো! মহামারি, ঝড়-বৃষ্টি, আগুন, দাঙ্গা-হাঙ্গামা, কোনটাই আর বাকি নেই। ছোটবেলায় "আবোল-তাবোল" বইতে পড়েছিলাম বোম্বাগড়ের কথা। কি অদ্ভুত সে দেশ, অদ্ভুত সব কাণ্ড হয় সেখানে। কিন্তু আজ খবরটা পাওয়ার পর থেকেই আমেরিকার উত্তর পূর্ব কোণার এই ছোট্ট ক্লিভল্যান্ড শহরটাকেই বোম্বাগড় বলে মনে হচ্ছে। তা না হলে বাঙালিদের দুর্গা পুজো কোন দিন ভার্চুয়াল হয়! এর থেকে বেশি অদ্ভুত কাণ্ড আর কিছু হতে পারে কি?

সত্যি, আজকাল আমার প্রায়ই মনে হয় আমরা এক কিম্ভূত দুনিয়াতে বাস করছি, অনেকটা "বকচ্ছপ"- এর মত। আবোল-তাবোলের কল্পনা এসে এইবার স্বাভাবিকের " মুণ্ডু চেপে" বসেছে। বিচিত্র সব ঘটনা ঘটছে। কুমড়ো পটাশ ভাইরাসের রূপ ধরে হঠাৎ এসে হাজির। তার ভয়ে কেউ টয়লেট-পেপারের জন্য মারামারি করছে, আবার কেউ এপ্রিল মাসে পটকা ফাটাচ্ছে। থালা-বাসনদের হয়েছে ভারি মুশকিল, বেচারারা একদম "স্পিক টি নট্", মার খাচ্ছে পটা-পট্। দেশে দেশে একুশে আইন জারি, হাঁচতে-কাশতে টিকিট লাগছে। পুলিশ "হাঁচলে পরে বিন্ টিকিটে, দন্দমাদম্ লাগায় পিঠে"।
এরই মধ্যে, এক সম্ভাব্য গোঁফ চুরির দায়ে, ওয়ার্ল্ড হেল্‌থ অরগানাইজেশনকে জরিমানা করেছেন হেড অফিসের বড়বাবু। তাই হয়ত সে রাম গরুড়ের ছানার মত মুড অফ করে বসে আছে। বড় বড় ওস্তাদেরা যখন নানান অজুহাত দিচ্ছেন, তখন বড়বাবু নিজেই গন্ধ শুঁকে বিচার করে বললেন, "গন্ধ তো নয় মন্দ"। এখন তার কড়া হুকুম, খোলা রাখতে হবে জিম, আর চুল ছাঁটার সেলুন। এই দুটোকেই অবশ্য এসেনশিয়াল-সার্ভিস বলে ধরে নেওয়া যায়। জিম ও সেলুনে গিয়ে সুন্দর না হতে পারলে ট্যাঁসগরুরা টিক্-টিক্ করবে কি করে? এই প্যানডেমিকের বাজারে এই কথা কেউ ভেবে দেখেছে? গরু বলে কি আর মানুষ নয়?

এত সব গণ্ডগোলের মধ্যে টাক চূড় নগরের তিন বুড়ো পণ্ডিত হুজুর জানালেন এই ভাইরাসটি বেশ "সৎপাত্র"। আক্রান্ত দের মধ্যে যখন মাত্র ২%-৪% মারা যাছে, "এমন কি আর মন্দ ছেলে"। শত হোক এই ভাইরাসটির জন্যই তো আজ আকাশের রঙ ফিরেছে, এটাই হয়তো দরকার ছিল। বাবুরাম সাপুড়ের সাপের মতই এই ভাইরাসটির "নেই কোন উৎপাত-খায়ে শুধু দুধ ভাত"। পটা-পট্ রুগি ধরে টপা-টপ্ স্যানিটাইজার গিলিয়ে দিলেই সব ফিট্-ফাট্ হয়ে যাবে। ভাইরাস থেকে ব্যাকটেরিয়া সব দাঁড়ে দাঁড়ে দ্রুম বলে পালাবে।

সত্যি, চারিদিকে সব কাণ্ড যত দেখি, তত মনে হয় আমরা আজকাল আবোল-তাবোলের দেশে আছি। স্বাভাবিকের থেকে অনেকটা দূরে চলে এসেছি আজ আমরা। এরকম একটা সময়ের কথা কল্পনা করেই হয়ত সুকুমার রায় আবোল-তাবোল লিখে গেছেন। তা না হলে প্রায় একশ বছর আগের লেখা আজ অক্ষরে অক্ষরে মিলে যায়ে কি করে? খুড়োর কলে এখন ভ্যাক্সিন ঝুলছে, সেই কলের জোরেই আজ মানবজাতি তার দিকে দ্বিগুণ বেগে ছুটছে।

এই আবোল-তাবোলের দুনিয়াতে দেশ ছেড়ে আমেরিকায় পড়তে বা চাকরি করতে আসা আমার মত অনেকেই পরেছে ভারি মুশকিলে। কারুর রিসার্চ স্টাইপেন্ড বন্ধ হয়ে গেছে, অনেকেরই চাকরি গেছে। সব মিলিয়ে, ব্যাগ ভর্তি বই আর বুক ভর্তি আশা নিয়ে স্বপ্নের দেশে পাড়ি দেওয়া অভিবাসীদের অবস্থা খুব একটা ভাল নয়। স্বপ্নের দেশটা যে নিজের দেশ নয়, সেটা মাঝে মাঝেই টের পাচ্ছি। তাও সব মেনে আর মানিয়ে নিয়েছি, কিন্তু এই ভাবে দুর্গা পুজোর আড্ডা আর খাওয়া-দাওয়া মিস হয়ে যাওয়াটা মেনে নিতে বেশ কষ্ট হচ্ছে। আসলে বাঙালি তো, তাই "খাই খাই" টা কমে নি। ইশ, গুপি-বাঘার আর ভূতের রাজা যদি আজ থাকতো! তাহলেই "মণ্ডা মিঠাই পোলাও, জলদি লাও জলদি লাও"! কিন্তু আমেরিকা এসে প্রচণ্ড দাপটে ইংরিজি বলার ফাঁকে গুপি-বাঘা আজ কোথায় যেন হারিয়ে গেছে। হয়ত কোন মেঘের প্রাসাদে বসে মণ্ডা-মিঠাই খাচ্ছে আর বলছে, "কতই রঙ্গ দেখি দুনিয়ায়"।

শ্যামা মা কি আমার কালো রে...

ব্রজেশ পাকড়াশী

সনাতন ধর্মে ঈশ্বরের রূপ ও প্রকৃতি নিয়ে বহুকাল থেকে আপাত: বিরোধী ধ্যান ধারণা ও বিতর্কিত আলোচনা স্থান পেয়েছে।
সাধক রামপ্রসাদের পথ অনুগামী অষ্টাদশ শতাব্দীর (১৭৬৯- ১৮২১ খৃ:) বাংলার ভক্ত কবির গানে মা কালীর রূপ বৈচিত্র্যের বর্নণায় বিহ্বলতা অতি সুন্দর ভাবে প্রকাশ পেয়েছে:

শ্যামা মা কি আমার কালো রে
লোকে বলে কালি কালো
আমার মন তো বলে না কালো।
.....
শ্যামা কখনও শ্বেত কখনও পীত
কখনও নীল ও লোহিত রে
মায়ের সে ভাব কেমন বুঝিতে না পারি
ভাবিতে জনম গেলো রে।
শ্যামা কখনও পুরুষ কখনও প্রকৃতি,
কখনও শুনাকার হে,
মায়ের সে ভাব ভাবিয়া কমলাকান্ত
সহজে পাগল হল রে।

এই ভক্তি গীতিতে প্রচ্ছন্ন কবির মানসিক দ্বন্দ্ব ও ভাব বিহ্বলতার বিশ্লেষণের আগে আমাদের ফিরে যেতে হবে সনাতন ধর্মের ইতিহাসের আদি পর্বে।

বৈদিক যুগের প্রারম্ভ থেকেই ঋষিদের চিন্তাধারায় উঠে এসেছিলো জটিল প্রশ্ন - ঈশ্বরের অস্তিত্ব নিয়ে। ঈশ্বর আছেন না নেই? যদি ঈশ্বরের অস্তিত্ব মেনে নেওয়া যায়, তাঁর কি প্রকৃতি এবং তাঁর সঙ্গে জীব জগতের কি সম্পর্ক? তিনি কি সাকার না নিরাকার? তিনি কি অদ্বিতীয় শক্তি না বহু রূপে প্রতিষ্ঠিত?

ঋগ্বেদে (৪৫০০ খৃ: পূ:) এবং বিশেষ করে বৈদিক যুগের শেষের দিকে উপনিষদের রচনা কালে (আনুমানিক ৯০০-৫০০ খৃ: পূ:) ঋষি মানসে প্রতিষ্ঠিত হয় এক ও অদ্বিতীয় পরমব্রহ্মের ধ্যান - "ব্রাহ্মণ"। তিনি "একমেব অদ্বিতীয়ম্" (ছান্দোগ্য উপনিষদ), যদিও তিনি আরাধ্য হন বহু নামে - "একং সদ বিপ্রা বহুধা বিদন্তি" (ঋগ্বেদ)। তিনি অচিন্তনীয় শক্তি ও অসীম পূর্ণ ব্রহ্ম। তিনি বিশ্বব্রহ্মাণ্ডের উৎস। বিরাট এ সৃষ্টির বিভাজনোত্তরেও তিনি পূর্ণতার গৌরবে বিরাজমান-
"পূর্ণমদ: পূর্ণামিদং পূর্ণাৎ পূর্ণমুদচ্যতে।
পূর্ণস্য পূর্ণমাদায় পূর্ণমেব অবশিষ্যতে।" (ঈশোপনিষদ)।

অদ্বৈত বেদান্ত মতে তিনি নিরাকার নির্গুণ। অখন্ড মণ্ডলাকার বিশ্বব্রহ্মাণ্ডের প্রতি অণু পরমাণুতে তাঁর ব্যাপ্তি- " অখণ্ড মন্ডলাকারং ব্যাপ্তং যেন চরাচরম্"। সর্ব জীব সৃষ্টির আত্মার অন্তর তম স্থানে তাঁর অবস্থান। এই আত্মা এবং পরমাত্মা এক ও অভিন্ন। তিনিই সচ্চিদানন্দ (সত্- শুদ্ধ সত্ত্বা), (চিত্- জ্ঞান) এবং আনন্দের পূর্ণ রূপ। তিনি সমভাবে সমগ্র সৃষ্টজীবে অধিষ্ঠিত এই একাত্ম ভিত্তিক ধারণায় সর্ব জীবজগৎ এক সূত্রে গ্রন্থিত।

উচ্চ আধ্যাত্মিক চিন্তায় এই আত্মন-ব্রাহ্মণের একতার অনুভূতিই মোক্ষলাভের মার্গ। বিভিন্ন উপনিষদে একই বাণী উচ্চারিত হয়েছে।

অয়ং আত্মা ব্রহ্ম (মাণ্ডুক্য উপনিষদ)
তৎ ত্বম অসি (ছান্দোগ্য উপনিষদ)
সর্বং খল্বিদং ব্রহ্ম (ছান্দোগ্য উপনিষদ)
অহং ব্রহ্মাস্মি (বৃহদারণ্যক উপনিষদ)

অনুরূপ বেদান্তের বার্তা বিস্তৃত আছে ১১২ টি উপনিষদের রচনায়। এই বেদান্তবাদ বিশেষ করে সংকলন করেন শ্রী শংকরাচার্য্য (অষ্টম শতাব্দী)। স্বামী বিবেকানন্দও ছিলেন অদ্বৈত বেদান্তবাদের মতাবলম্বী ও অনুসারী এবং বিশ্বময় অদ্বৈত বেদান্তের বাণী প্রচারের প্রচেষ্টা করে গেছেন বেদান্ত মঠের মাধ্যমে।
এই উচ্চ দার্শনিক মতাদর্শকে আখ্যা দেওয়া হয়েছে "জ্ঞানাশ্রয়ীবাদ"।
অন্যদিকে দ্বৈত বেদান্ত দর্শনের "প্রেমাশ্রয়ী" আরাধনার চিন্তাধারার অবতারণা করলেন শ্রী মাধবাচার্য্য, ত্রয়োদশ শতাব্দীতে। দ্বৈত বেদান্ত মতে সৃষ্ট জীবের আত্মন ও পরমাত্মন ব্রাহ্মণ সমস্তরে অবস্থিত নয়। পরমাত্মনের সান্নিধ্য ও অনুভূতি সম্ভব একমাত্র ভক্তের ভক্তিভাবে, ঈশ্বর চিন্তায় ও প্রার্থনায়। এই প্রেমাশ্রয়ী ভগবৎ চিন্তা সাধারণ মানসে সহজ বোধ্য ও সহজ গ্রাহ্য। এর পরের স্তরের ধারণার বিবর্তন আসে পরম ব্রহ্মের বিভিন্ন শক্তির চিন্ময় রূপকে প্রতীক হিসেবে আরাধনা করায়। আধ্যাত্মিকতার পরিপ্রেক্ষিতে এই চিন্তাধারা পার্থিব স্তরে। কিন্তু সাধারণ মানসে সহজ হয় ঈশ্বরের সান্নিধ্য কল্পনায় ও ঈশ্বরের উপস্থিতি হৃদয়ে উপলব্ধিতে।
"বাসুদেব ত্বয়া হৃদিস্থিতেন যথা নিযুক্ত অস্মি তথা করোমি" (শ্রীমদ্ভগবত গীতা)।
পৌত্তলিকতার সঙ্গে প্রভেদ এই যে মূর্তিই ঈশ্বর নন। ভক্ত মানসে ঈশ্বর চিন্তার প্রতীক মাত্র।

পুরোহিত যখন পূজার আসনে উপবেশন করেন দেবারাধনায়, তিনি শুদ্ধ মনে উচ্চারিত মন্ত্রের মাধ্যমে দেবতার ধ্যান মূর্তি হৃদয়ে প্রতিষ্ঠিত করে দেবতাকে আবাহন করেন "ইহা গচ্ছ ইহা গচ্ছ, ইহ তিষ্ঠ ইহ তিষ্ঠ... যাবৎ পূজাং করোম্যহম্।" পূজান্তে আসে বিসর্জনের মন্ত্র। এরপর মূর্তি শুধু মূর্তিই। তাতে দেবত্ব আরোপ করা হয়না।

বলা বাহুল্য এই সহজ সাধারণ লভ্য প্রার্থনার চিন্তাধারা বহু বিতর্কিত আলোচনার উৎস, যাহা শুধু ভিন্ন ধর্ম বিশ্বাসী জ্ঞানবান পণ্ডিতদের আন্তরিক জিজ্ঞাসা সূত্রেই সীমাবদ্ধ নয়। বাংলায় অষ্টাদশ ও উনবিংশ শতাব্দীতে সনাতন ধর্মে বিশ্বাসী অনেক চিন্তাশীল পণ্ডিত দের মনেও ছিল গভীর প্রশ্ন। তাঁদের নিষ্ঠা ও প্রচেষ্টায় উপনিষদ ভিত্তিক নিরাকার ব্রহ্মের উপাসনা প্রথা স্থাপিত হল ব্রাহ্ম সমাজ। রাজা রাম মোহন রায়, কেশব সেন, মহর্ষি দেবেন্দ্রনাথএবং আরও বহু বিদ্বজ্জন ছিলেন এই

চিন্তাধারার পুরোধায়। জ্ঞানাশ্রয়ী আরাধনা ভিত্তিক ব্রাহ্ম ধর্ম পেল বুদ্ধিজীবী সমাজের অকুণ্ঠ সমর্থন। সাধারণের মানসিকতায় কিন্তু এই মতবাদ খুব সাড়া পায়নি। তার কারণ মূর্তি পূজার মাধ্যমে সাধারণের মন লাভ করতো পরমেশ্বরের স্পর্শ পার্থিব পরিপ্রেক্ষিতে। তাই প্রেমাশ্রয়ী আরাধনা জনমানসে স্থান পেল জ্ঞানাশ্রয়ী আরাধনার পুরো ভাগে। সত্যাসত্যের প্রশ্ন এখানে নেই। আছে আবেগ মিশ্রিত চিন্তার বিশ্লেষণ।

স্বামী বিবেকানন্দ, যিনি ছিলেন অদ্বৈত বেদান্তের একান্ত সাধক, তিনি গীতার উদ্ধৃতি দিয়ে বলেছেন- অতীন্দ্রিয় মহাশক্তি কে উপাসনায় হৃদয়ঙ্গম করা সাধারণের কষ্টসাধ্য। কিন্তু যাঁরা দেবত্ব চিন্তায় দেবতাকে রূপের মাধ্যমে আরাধনা করে তাঁদের আধ্যাত্মিক মার্গে ঊর্ধ্বগতি অনেকটাই সহজ ও সম্ভব হয় অনন্তকে হৃদয়ঙ্গম করতে। যে মাধ্যমেই হোক ঈশ্বর অনুভূতির নির্দিষ্ট পথে অগ্রসর হওয়া মানব হৃদয়ের কাম্য। এক স্তরে সবার চিন্তাধারা থাকতে পারে না এবং সম্ভবও নয়। যে উপায় অবলম্বনেই হোক, সব প্রথাতেই ঈশ্বর চিন্তা সম্পূর্ণ গ্রাহ্য।

এখানে উল্লেখ্য যে বিবেকানন্দ শ্রীরামকৃষ্ণের সাক্ষাৎকারের পূর্বে ছিলেন ব্রাহ্ম ধর্মের বিমূর্ত উপাসনায় বিশ্বাসী। পরে তিনি মন্তব্য করেন- শ্রী রামকৃষ্ণের সান্নিধ্যে না এলে আমি কোথায় থাকতাম? শ্রী রামকৃষ্ণ যদি মূর্তি পূজার মাধ্যমে পরমেশ্বরের পাদপদ্মে স্থান পেয়ে থাকেন তাহলে এইরূপ ভক্ত সাধক যত থাকেন মোক্ষলাভেচ্ছু জগতের ততই মঙ্গল।

মূর্তির তাৎপর্য নিয়ে বিবেকানন্দের একটা সুন্দর গল্প আছে। পরিব্রাজক হিসাবে যখন তিনি সারা ভারতবর্ষ ভ্রমণ করছেন, তখন একবার এসে পৌঁছলেন আলোয়ার খণ্ডরাজ্যে। আলোয়ারের তরুণ রাজা মঙ্গল সিং ছিলেন বিবেকানন্দের ভক্ত ও বন্ধু। কিন্তু মূর্তি পূজাকে তিনি কুসংস্কার হিসেবে গণ্য করতেন। বিবেকানন্দ তাৎক্ষণিক কোন উত্তর দেন নি।
একসময় তিনি দরবার গৃহে পৌঁছলেন। দেখলেন, দেওয়ালে টাঙানো রাজার অনেক ছবি পূর্ণ রাজবেশে। বিবেকানন্দ তখন রাজার সাক্ষাতে তাঁর মন্ত্রীকে একটি ছবি নামাতে বললেন। ঐ ছবিটি তখন মেঝেতে ফেলে তিনি মন্ত্রীকে জিজ্ঞেস করলেন- এই ছবিটায় থুতু ফেলতে পারবে? হতভম্ব মন্ত্রী বললেন এই অন্যায় অনুরোধ তার পক্ষে কি করে রাখা সম্ভব? সেটা হবে রাজার প্রত্যক্ষ অপমান! বিবেকানন্দ তখন রাজাকে বললেন- এই ছবিটা এক টুকরো কাগজ বৈ তো নয়! কিন্তু সবার চিন্তায় এর নেপথ্যে আছে আপনার অস্তিত্বের ইঙ্গিত। সব প্রতিকৃতিই এই ধারণা বহন করে। মূর্তি পূজার তাৎপর্য এইখানেই।

দেবদেবীর প্রতিমার বাহ্যিক রূপ ও বর্ণের ব্যঞ্জনা অবশ্যই রূপক। কমলাকান্তের গানে "মা কি আমার কালো" এই কল্পনার নেপথ্যে আছে পুরাণ বর্ণিত উপাখ্যান।

কালিকার প্রচলিত মূর্তি আনন্দময়ী পার্বতীর ক্রুদ্ধ দানব দলনী রূপ। গৌরবর্ণা পার্বতী তাই হলেন কৃষ্ণবর্ণা কালিকা। তাঁর মূর্তি শায়িত মহাদেবের বক্ষের উপরে দণ্ডায়মান, বিব্রত মানসে জিহ্বায় দাঁত কেটে। আখ্যান অনুসারে, দানব বধের পরেও রোষ সংবরণে অসমর্থ কালিকার রণশেষের এই মূর্তি।
জগৎ কল্যাণের উদ্দেশ্যে দেবতাদের অনুরোধে মহাদেবের ওপর ন্যস্ত ছিল ক্রোধ রিপু দমন করে মা কে শান্ত করবার ভার। মহাদেব কালিকার সেই রোষকে প্রতি শক্তি দিয়ে রোধের প্রচেষ্টায় না গিয়ে নিজেকে শায়িত করলেন রণক্ষেত্রে মায়ের গতিপথে। হঠাৎ পদতলে শায়িত মহাদেবকে দেখে মা হলেন নিরস্ত ও লজ্জিত। কোনও শক্তির সম্মুখীন হয়ে নয়, জাগ্রত ব্যবহারিক মূল্য বোধে।

মা কালিকা তবুও সেই মুহূর্তেও সচেতন- তিনি যে করুণাময়ী, তাই ডান হাতে তাঁর অভয় ও বরমুদ্রা এবং বাম হাতে অশুভনাশের প্রতীক- খড়্গ ও দানবের ছিন্নমুণ্ড। এই মূর্তিতে মা বিদ্যমান, একাধারে বিপদতারিনী এবং যুগপৎ অভয়দাত্রী ও বরদায়িনী রূপে। মায়ের এই রূপেই মুগ্ধ কমলাকান্ত।

কমলাকান্তের গানে আবার তাঁর আকুতি ময় প্রার্থনায় প্রকাশ পায় তাঁর বিহ্বলতা ও বিভ্রান্তি। মা পুরুষ না প্রকৃতি এই অনিশ্চয়তায় দোলায়িত কবির মন। কালিকা ব্রহ্মময়ী, পরম ব্রহ্ম তিনি। পুরুষও নন, প্রকৃতিও নন। কবির বিহ্বলতা তাই স্বাভাবিক। কোন বর্ণে তিনি রঞ্জিত? - কৃষ্ণ, শ্বেত, নীল, পীত বা লোহিত? অতীন্দ্রিয়, বর্ণহীন, অতীন্দ্রিয় দৃশ্যের বাস্তবায়নে সাধক শিল্পী পরিবর্তনশীল ভাব ও ভক্তিরসের বর্ণে তাঁকে চিত্রিত করেন কল্পনার তুলিতে। পরম ব্রহ্মের কোনও রূপ নেই, রঙ নেই। ভক্তের কল্পনা তাকে দেয় রূপ ও রঙের বৈচিত্র।

সম্পূর্ণ অন্য পরিপ্রেক্ষিতে মনে পড়ে যায় কবিগুরুর "আমি" কবিতাটা। যার আংশিক উদ্ধৃতি মনে হয় এই আলোচনায় প্রাসঙ্গিক।

"আমারই চেতনার রঙে পান্না হল সবুজ,
চুনি উঠল রাঙা হয়ে।
আমি চোখ মেললুম আকাশে,
জ্বলে উঠল আলো
পুবে পশ্চিমে।
গোলাপের দিকে চেয়ে বললুম 'সুন্দর',
সুন্দর হল সে।"

অর্থাৎ সৌন্দর্যের অনুভূতি দ্রষ্টার অনুভবের স্পর্শবোধের ওপর নির্ভরশীল। পর্যবেক্ষক পার্থিব বা অপার্থিব সৃষ্টিকে যে অনুভবে গ্রহণ করতে চান, তাই রূপায়িত হয়ে ওঠে আপন হৃদয়ের উজ্জ্বলতায়।

সাধক কবি কমলাকান্ত মায়ের রূপ- বর্ণ- প্রকৃতির অনিশ্চয়তার দ্বন্দ্বে দোলায়িত থেকেও তাঁর রচনার মধ্যে রেখে গেছেন সব জিজ্ঞাসার উত্তর:

"হৃদি পদ্ম করে মোর আলো"
মা পরমাত্মনের ধ্যানরূপ
তিনি পুরুষ প্রকৃতির ব্যঞ্জনার ঊর্ধ্বে
তিনি কৃষ্ণ- শ্বেত-পীত-নীল-লোহিত এবং সব বর্ণেই রঞ্জিত
আবার কখনও বা বর্ণহীন শূন্যাকার।
- সবই ভক্তের অন্তর্দৃষ্টি নির্ভর।
তবুও এই অনিশ্চয়তার তিমিরের বিহ্বলতায় সকল ভক্ত-মানসই স্বভাবকবি কমলাকান্তের সহযাত্রী ও সহমর্মী।

এই শীত এই বর্ষা

তিতাস মাহমুদ

সারাটা দিন আজ অলস কাটলো। আজ শনিবার। আমার হাসপাতালে কাজ নেই। বাইরে সোনা ঝরা রোদ উঠেছে। অনেকটা বাংলার শীতের সকালের মতো। আমি মাকে নিয়ে পেছন বারান্দায় সূর্যের দিকে পিঠ ঠেকিয়ে সকালের নাশতা করলাম। দুই স্লাইস ইংলিশ মাফিন সাথে ডিম ভাজা। এদেশে গরম গরম ভাপ ওঠা পিঠা পাবো কোথায়!

আরো খানিকটা বসবো ভেবে কফি কাপটা এগিয়ে নিলাম। কিন্তু কনকনে শীতল বাতাস বইছে। আমার মা এমন বাতাসে অভ্যস্ত নন। তিনি সবেমাত্র দেশ থেকে এসেছেন। কথা ছিল অল্প কিছুদিন ছেলেমেয়ে দের সাথে এ বাড়ি ও বাড়ি কাটাবেন। কিন্তু সারা পৃথিবী করোনা মহামারিতে আক্রান্ত এবং অচলাবস্থা। তাঁর বাড়ি ফেরা অনিশ্চিত প্রায়। তিনি দাঁতে দাঁত চেপে বসে থাকেন। বিদেশ বিভুঁইয়ে যাপন যতই উন্নত হোক, কোন জীবন নেই। জীবনের শেষ তৃতীয়াংশে এসে চাকচিক্য যাপনের মোহ নেই আর। আমার মা অস্থির অপেক্ষা করছেন একটি সহজ বাঙালি জীবনের। যেখানে ধান কুড়ানো শালিক বাড়ির দাওয়ায় আসে আবার বারবার।

আমি মাকে নিয়ে ঘরের ভেতরে চলে এলাম। ধীরে ধীরে সূর্যটা মেঘের আড়ালে চলে যাচ্ছে। আজ বিকেলে বৃষ্টি হবার সম্ভাবনা আছে। আমার শরীরটা হঠাৎ ম্যাজ ম্যাজ করা শুরু করলো। গায়ে একটু জ্বর জ্বর ভাব হচ্ছে। মা সেটা টের পেয়ে যান। আমাদের ইন্দ্রিয় পাঁচটি আর মায়েদের বোধ করি গোটা বিশেক। আমার কপালে তাঁর ডান হাতের তালু দিয়ে তাপমাত্রা বোঝার চেষ্টা করেন। আমি সুস্থতার ভান করি। গতকাল আমি করোনা ভাইরাসের পরীক্ষমূলক ভ্যাকসিনের দ্বিতীয় ইঞ্জেকশান দিয়েছি। আমি বুঝতে পারি শারীরিক এই ব্যথা বেদনা আসলে সেটারই পার্শ্ব প্রতিক্রিয়া।

আমার মা ক্রমাগতই উদ্বিগ্ন হয়ে পড়েন। অথচ আগে একটা সময় ছিল তিনি অসম্ভব সাহসী ছিলেন। সংসারের যাবতীয় কাজকর্মে আমাদের টুকটাক সর্দি জ্বর, মাথাব্যথা এসব কে তিনি খুব একটা নজরে আনতেন না। মানুষের বয়স বাড়ার সাথে সাথে আত্মবিশ্বাস হয়তো কমে যেতে থাকে। অবশ্য আমি তাঁর অনুমতি ছাড়াই ভ্যাকসিন ট্রায়ালে স্বেচ্ছাসেবী হয়েছি। এতে একধরণের ঝুঁকি তো আছেই, এমনকি মৃত্যুরও সম্ভাবনা আছে। আমাকে ছাব্বিশ পাতার শর্তাবলী স্বাক্ষর করতে হয়েছে। সেখানে মারাত্মক সব পার্শ্ব প্রতিক্রিয়ার কথা বলা আছে। আমি সেসব কোন কথা মাকে বলিনি। আমি তাঁর পাশে ঘন হয়ে বসি। আমার গায়ের ব্যথা কমে যেতে থাকে। শরীর থেকে জ্বরের ভাব কেটে যেতে থাকে। আমার তখন বাবার কথা মনে পড়ে। আমার মায়ের নাম কামরুননেসা বেগম। এই নামটি ছোট করে তিনি মাকে 'কুমু' ডাকতেন। আমার ছোট পৃথিবীতে এমন সুন্দর করে ভালোবাসতে আমি আর কাউকে দেখিনি।

মা তখনো মুখটা খানিকটা মলিন করে আছেন। আমি বললাম, 'বাবা বলতেন, জন্মসূত্রে সবারই একটা জীবন থাকে। এতে কোন কৃতিত্ব নেই। মরণের পর যে জীবন বেঁচে থাকে, সে জীবনেই যত সাফল্য।' মায়ের চোখ দু'টো জানালা দিয়ে দিগন্ত রেখা স্পর্শ করেছে। তিনি হয়তো সেখানে তাঁর প্রয়াত স্বামীর ছায়া দেখতে পান। আমি বললাম, 'মা গো, এই ভ্যাকসিন ট্রায়ালে যদি মরেও যাই, আমার কোনো দুঃখ নেই। করোনা মহামারিতে বিপন্ন মানব সভ্যতার এই ক্রান্তিকালে, অন্তত বিজ্ঞানের জন্য কিছু একটা করার চেষ্টা করেছি। তুমি দেখো, আমার মৃত্যুর পরও আমি এই পৃথিবীতে বেঁচে থাকবো।' আকাশ থেকে চোখ দু'টো নামিয়ে মা আমার চোখের দিকে অপলক তাকিয়ে থাকলেন। তাঁর দু'চোখ দিয়ে গল্ গল্ করে অশ্রু ঝরছে অথচ কী অবাক কান্ড! তাঁর ঠোঁট জুড়ে মিষ্টি হাসির রেখা। কী অসম্ভব পবিত্র আর স্বর্গীয় সে হাসি!

বাইরে ঘন কালো মেঘে বৃষ্টি এসেছে। মনে হচ্ছে বাংলার বর্ষা যেন। আমার পরবাসী জীবন এমনই, এই শীত এই বর্ষা।

20/20 IN 2020

Chandana Sarkar

The year 2020 is significant in my life. My birthday and anniversary both marked a Milestone. Before entering the new decade, I had a lot of dreams and plans. But as we entered this year it became quite apparent that this will be a different year and a lot of apprehensions were there.

20/20 is a powerful metaphor focusing on vision and focus.

"Vision is measured in two ways. One of which is the ability to see. In the 1840s scientists began thinking about standard tests to measure sharpness and clarity of vision at a distance of 20 feet. It was soon determined that to have 20/20 vision means you can see clearly at 20 feet what should ideally be seen from the distance. "(Scott Leonardi, Dec 2019. 2020: The Caymanian Year of Vision).

Vision is also the ability to think about or plan the future to ensure the attainment of your goals. To make our vision come true, Focus is very important, which needs clarifying our minds and practicing better time management.

As we entered the Lockdown Period everything seemed uncertain, especially at the life-stage I am in. It was very frustrating. However, I always like to keep a positive attitude. I decided I am going to make the best use of it.

The first step was to think of the things I always wanted to do and was always interested in learning ways to enrich my day to day life but really never pursued seriously. I have kept a lot of things on the back burner thinking I shall do it later when the time is better, as a result, have a lot of unfinished projects and ideas. I decided to practice what I have often preached to others ---Prioritizing. I really thought of it very seriously and picked up a few projects. I started gathering information for writing a family history using old pictures, this is mainly for my granddaughter who is a product of an immigrant family. I believe knowing family history gives people a sense of belonging. Even though I am far from completing it but starting the framework and gathering relevant information has been very rewarding. My second project was to get back to some literary discussion, not merely reading literature but discussing it from a different perspective. I joined a global webinar with some other Bengalis, there were people from different age groups, different professions, and different life experiences. Under the leadership of a well-known person in this field, we discuss the background, writing, and perspectives of different writers as well as people from other performing and visual arts. Our theme is discussing people's work on their birthdays. This has been very challenging and rewarding for me. My third project was reinventing some cooking recipes. Cooking has always been a passion for me but during this time I really focused on it more. I read a lot of cook books as well as watched different types of cooking shows and tried to apply these techniques and reinvented some according to my liking which really is fun. My biggest achievement so far has been finishing up some of my unfinished craft projects. Along with all these I tried to reach out to people who I really care for, the technology made this possible but we often do not take advantage of it.

So, when I think of what really happened during the lockdown, I can't say everything is bad. Sure, the medical and political Pandemic has been a nightmare but I did achieve a few things too. This actually gave me a mental boost that I can do what I want to, if I focus on it. The year 2020 has taught me not to take things for granted.

Positivity, Prioritization and Perseverance have been the three Ps for me to survive this Pandemic year so far. I realized this is the hindsight of 20/20, which refers to looking back at a situation and having a clearer understanding of it and think of options to make the situation better.

বসুধৈব কুটুম্বকম

অনিল বিশ্বাস (কলকাতা)

এই বিশ্ব একটি পরিবার। বিশ্বের সবাই আমার কুটুম্ব মানে আত্মীয়। আত্মীয় সে যার সাথে আত্মার সম্পর্ক। কাজেই সবাই আমার আপনজন। বিশ্বে সবাই আমি। আমার সামনে আয়না, জীব জন্তু পশু পক্ষী গাছপালা সব আয়না, আর আয়নার সামনে আমি। তাহলে আয়নাতে তো আমাকেই দেখছি।

God is Omnipresent.

যত জীব তত শিব। যিশু বলেছেন -

"Man is the image of God. I and the Father are one"

"একমেবাদ্বিতীয়ম, সর্বং খল্বিদং ব্রহ্ম"

ঈশ্বর এক এবং অদ্বিতীয়। আবার ঈশ্বরই সবকিছুর মধ্যেই বিরাজমান।

আমরা যদি এই আত্ম উপলব্ধি বা জ্ঞান লাভ করতে পারি তাহলে আর আপন পর ভেদ থাকে না। আমি তুমি থাকে না। কেহ অভুক্ত থাকলে আমি কি করে খাই। এই মন্ত্র ভারতের আকাশে বাতাসে অনন্তকাল থেকে বয়ে চলেছে। তাই ভারতের আদর্শ হচ্ছে, খাবার তৈরি করে একভাগ অতিথির জন্য, একভাগ জীব জন্তু পশু পাখির জন্য, একভাগ বাড়ির সকলের জন্য, একভাগ দেবতাদের জন্য, অবশেষে যদি খাবার থাকে তবে নিজের জন্য।

কৃষ্ণ সখা সুদামা পাঁচ বাড়িতে ভিক্ষা করে খাবার বানিয়ে সবাইকে খেতে দেন। কোন দিন ঠিক মতো ভিক্ষা না পেলে শুধু সন্তানদের খেতে দিয়ে সস্ত্রীক জলপান করে দিনাতিপাত করতেন। একদিন সুদামা ভাতের হাঁড়িতে একদানা ভাতের সন্ধান পেয়ে অর্দ্ধেকটা স্ত্রীকে আর অর্দ্ধেকটা দেবতাকে নিবেদন করলেন। কি উদার ও মহান ভাবমূর্তি। এই তো ভারতের চিরন্তন আদর্শ।

এই রকম হাজার হাজার উদাহরণ রয়েছে ভারতে। আমি আমার নিকটতম এক আত্মীয়ার কথা জানি, তিনি দ্বিপ্রহরে সবাইকে খাইয়ে সবে নিজের খাবার নিয়ে বসে প্রথম গ্রাস মুখে পুরতে যাবেন ঠিক তখনই এক ভিখারী এসে বললেন - মাগো আমি গত তিনদিন অভুক্ত। কেউ একটি দানাও খেতে দেয়নি। ক্ষিদের জ্বালায় মরে যাচ্ছি। আমায় একটু ভাত খেতে দেবে মা? ভদ্রমহিলা আনন্দচিত্তে হাসি মুখে ভিখারী কে নিজের খাবার থালাটা দিয়ে দিলেন। নিজে একগ্লাস জল পান করলেন। যেহেতু ঘরে আর কোন খাবার ছিল না।এই হচ্ছে ভারতবর্ষ। এই হচ্ছে বসুধৈব কুটুম্বকম।

আমরা সবাইকে নিয়ে একসাথে বাঁচতে চাই; একা একা নয়। তাই আমাদের ভারতের দুয়ার সকলের জন্য খোলা। আমাদের কাছে সবাই কুটুম্ব আত্মীয়।

অতিথি দেব ভব। অতিথি আমাদের কাছে নারায়ণ। Supreme power, The God, Almighty.

তাই আমরা শিব দেখি। আমরা যেমন দশভুজা দুর্গার আরাধনা করি, তেমনি অন্য দেবদেবী, পশু পক্ষী বৃক্ষ লতা নদী নালা পাহাড় পর্বতেরও পূজা করি।

Theme একটাই সর্বত্র ঈশ্বর দর্শন।

আমাদের মূল আদর্শ সমজ্ঞান অভেদ জ্ঞান, ভেদ দর্শন অজ্ঞান। তাই দশভুজা মায়ের কাছে আমাদের প্রার্থনা - মাগো তুমি আমাদের সমজ্ঞান দাও, বিভেদ কলহ অজ্ঞানতা, রোগশোক, করোনা, মনের ময়লা সব দূর করো। বিশ্বব্যাপী ছড়িয়ে দাও তোমার অনন্ত অমৃত আশীর্বাদ। সবাইকে সুস্থ সবল নির্মল ও পবিত্র করো।

হে মা, সর্বমঙ্গল মঙ্গল্যে শিবে সর্বার্থ সাধিকে, শরণ্যে ত্রম্ব্যকে গৌরী নারায়ণী নমস্তুতে:।
তুমি সকল মঙ্গল বিধাতার মঙ্গল বিধায়িত্রী, তুমি কল্যাণী, তুমি সর্বসিদ্ধি বিধায়িনী, তুমি আশ্রয় দায়িনী, তুমি ত্রিনয়না, তুমি গৌরী, হে নারায়ণী তোমায় নমস্কার।

অভয়া শক্তি বলপ্রদায়িনী তুমি জাগো

শারদীয়ার হার্দিক শুভেচ্ছাসহ

সুজাতা মিএ,

সন্ধ্যা, লক্ষীনারায়ণ, দেবলীনা,

সুদেষ্ণা, দেবব্রত ঘোষ

ভালবাসার উত্তরাধিকার

দেবপ্রিয়া গোস্বামী

জীবনের বাস্তবিক চলচ্চিত্রে সব চরিত্র কাল্পনিক নাও হতে পারে তেমনই কিছু ব্যক্তিত্ব, কিছু সম্পর্ক থেকে যায় যারা বর্তমানের মুঠো ফোন, তথ্য প্রযুক্তি, মুখ গ্রন্থ বা সামাজিক মাধ্যমগুলির সাথে পরিচয় পূর্বেই পুরোনো স্মৃতির হারানো পাতায় অসম্পূর্ণ অধ্যায়ের ভাঁজ হয়ে থেকে যায় আজীবন।

॥ ১ ॥

শ্রীময়ী প্রত্যেক দিনের মতো অফিস থেকে ফেরার পথে বাসের জন্য অপেক্ষা করছিল। কিন্তু সন্ধ্যার থেকে মুষলধারে বৃষ্টির কারণে যানবাহনের সংখ্যা অন্যদিনের তুলনায় বেশ কম। সেজন্য ভিড়ে ঠাসা পরপর ক'টা বাস ছাড়তে বাধ্যও হয়েছে। বৃষ্টির রাত আর অপেক্ষা না করে কেয়াতলা রোডের উদ্দেশ্যে হাঁটতে শুরু করেছে শ্রীময়ী। রাস্তায় যা পাওয়া যায়। গত কয়েক ঘন্টার বৃষ্টিতেই রাস্তার বেহাল অবস্থা। হাঁটতে হাঁটতে হঠাৎই চেনা গলায় তার নাম শুনে পিছনে ফিরে তাকায়, কেউ কি ডাকছে তাকে? বুঝতে পারে না। দ্যাখে নন্দিনী এক মুখ হাসি নিয়ে এগিয়ে আসছে তার দিকে। একদম সামনে এসে দাঁড়াতে নজর যায়। "কি রে শ্রী! তখন থেকে ডাকছি, শুনতেই পাচ্ছিস না।"

শ্রীময়ী হেসে বলে "তু-মি নন্দিনী দি! আমি বুঝতেই পারিনি গো, শুনেছি ডাকটা, কিন্তু কোন দিক থেকে আসছে বুঝতে পারিনি। আসলে মাথায় সবার ছাতা আর বৃষ্টির একটানা শব্দে সব মিলেমিশে গেছে।" জিজ্ঞাসা করায় জানতে পারে এখানে একটি দোকানে কিছু জিনিস কিনতে এসেছে। গায়ে বৃষ্টির জল মুছতে মুছতে খেয়াল করে নন্দিনীর পাশে একটি মেয়ে দাঁড়িয়ে, এর আগে তাকে দেখেছে বলে মনে পড়ে না। তার প্রশ্ন সূচক মুখ দেখেই নন্দিনী বলে "ওর নাম সাংমা, আমার কাছে থাকবে বলে এসেছে। ওরই ক'টা জিনিস কেনার ছিল। মেয়েটির বয়স খুব বেশী হবে না ১৬ কি ১৭ ই হবে বড়ো জোর। সুঠাম গঠন, ফর্সা রঙ, মুখটি দেখে নেপালী বা পাহাড়ি আদিবাসী সম্প্রদায়ের বলেই মনে হয়। রাস্তার ঐ পাশে নন্দিনীর ড্রাইভার অপেক্ষা করছে তাকে গাড়ি ঘুরিয়ে আসতে নির্দেশ দেয়। গাড়ি সামনে আসলে নন্দিনী বলে "নে উঠে পর, বাড়ি যাচ্ছিস তো? আমি পৌঁছে দিচ্ছি।" শ্রীময়ী উঠে পরে দেরি না করে। তারপর ব্যস্ত হয়ে পরে এদিক ওদিকের কথায়। আজকাল শ্রীময়ীর প্রায়ই নন্দিনীর সাথে দেখা হয় যাতায়াতের পথে। নন্দিনী একটি NGO সংস্থার সাথে যুক্ত আছে। তবে বেশ কিছুদিন হল দেখা হয়নি। শ্রীময়ী জিজ্ঞাসা করে "তোমায় অনেক দিন দেখিনি যে! তুমি যাচ্ছো না?" নন্দিনী জানায় "না রে বেশ ক'দিন যেতে পারিনি, ব্যস্ত ছিলাম।" চিন্তার সুরে প্রশ্ন করে "বাড়ির সবাই ভালো আছে তো?" নন্দিনী জানায় "হ্যাঁ, সবাই ভালো।" দেখে মনে হল খুব ক্লান্ত সে। অনেক কথা বলার আছে। জিজ্ঞাসা করে "শ্রী, তুই আসতে পারবি আমার ওখানে একদিন?" ড্রাইভারের দিকে ইশারা করে দেখায়, "গাড়িতে সব বলা যাবে না। তোর শনিবার সময় হবে?" দেখে খুবই চিন্তিত মনে হয় নন্দিনীকে। শ্রীময়ী জানায় শনিবার বিকাল ৫ টা নাগাদ যাবে তার ওখানে। দীর্ঘদিনের যাতায়াত নন্দিনীদির সাথে, বলা যেতে পারে বহুদিনের পাড়াতুতো বন্ধু তারা। শ্রীময়ী ও নন্দিনীর বয়সের তারতম্যে "দিদি" সম্বোধনের উপস্থিতিটি বর্তমান হলেও বন্ধুত্বের সম্পর্কে তা কখনই ব্যবধান সৃষ্টি করতে পারেনি। বন্ধুত্বের সম্পর্কে উঠে আসত দৈনন্দিন রোজনামচা থেকে শুরু করে জীবনের জানা অজানা টানাপোড়েনের সকল বিষয়েই।

॥ ২ ॥

শ্রীময়ী, সেন বাড়ির ছোট মেয়ে, ইউনিভার্সিটির গণ্ডি শেষে বেশ কিছু সরকারী চাকরির প্রচেষ্টা করেও ভাগ্যে শিকেটি ছেঁড়েনি। অগত্যা সরকারী পরীক্ষাগুলি দেওয়ার পাশাপাশি বেসরকারী সংস্থায় অতি অল্প বেতনে কাজ করে,পাশাপাশি দুটো বাচ্চাকেও বাড়িতে গিয়ে পড়ায়। ছোট বয়সে মা চলে যাওয়ার পর বাবা একা মানুষ করে তাদের ভাই বোনদের। পরবর্তীকালে পড়াশোনার সুবিধার কারণে দাদা বৌদির সংসারে থাকতে শুরু করে। প্রবল আত্মসম্মান বোধের জন্য শ্রীময়ী হাতখরচ বা নিজের প্রয়োজনীয় জিনিসের যোগান যাতে সে নিজেই দিতে পারে তার জন্য আত্মনির্ভরশীল হওয়ার চেষ্টা সর্বদাই করে থাকে। কিন্তু বাড়ির ছোট আর প্রতিষ্ঠিত অতীব সচেতন দাদার বোন হওয়ার কারণে গাড়ি করে কাজের জায়গায় পৌঁছে দেওয়া কিংবা অযথা ছাত্রীর বাড়ির সামনে বোনের অপেক্ষায় গাড়ির হর্ন বাজানো শুধু তাকেই অপ্রস্তুত করতো না ছাত্রীর বাড়ির লোকেরাও বিব্রত বোধ করতো। বিদেশে ব্যাপারটি জলভাত হলেও কলকাতা তখনও বিষয়টিতে ধাতস্থ হয়ে ওঠেনি যে গাড়ি করে বাচ্চাকে পড়াতে আসেন কেউ। এদিকে আবার শ্রীময়ীর বিয়ের জন্য বয়স বেড়ে যাচ্ছে, এতোদিন বাড়ির লোককে পড়াশোনা, চাকরির অজুহাতে ঠেকিয়ে রাখলেও এখন তারা ব্যাপারটিতে কোমর বেঁধে নেমে পড়েছে। বেশীরভাগ শনি বা রবিবার গুলো তার পাত্র বা পাত্রপক্ষের প্রশ্নবিচিত্রার উত্তর করতে চলে যায়। হাতেগোনা বন্ধুর সংখ্যায় প্রায় সকলেই বিবাহিত, কাজেই বিষয়টি অনুঘটকের ন্যায় পারিবারিক চাপ বৃদ্ধি করতে সাহায্য করেছিল।

॥ ৩ ॥

নন্দিনী সাধারণ সচ্ছল পরিবারের মেয়ে ছিল। নন্দিনীর বাবা নিজে অধ্যাপক ছিলেন এক সময়ে পরে অবশ্য একটি দৈনিক পত্রিকার সাথে যুক্ত হন। ভাই বোন বলতে ছিল তারা এক ভাই ও এক বোন। বাবার কঠোর অনুশাসনে পড়াশোনার পাশাপাশি চলতো শিল্পচর্চাও। একমাত্র দাদা গ্লাসগোতে মেডিসিন পড়তে গিয়েছিল। পরবর্তী কালে পেশাগত এবং বৈবাহিক কারণে সেখানেই থেকে যায়। নন্দিনীও বেশ মেধাবী ছিল, ইচ্ছা ছিল আইন নিয়ে পড়ে ওকালতি করবে। সেই হিসাবেই চলছিল সবকিছু। কিন্তু হঠাৎই একদিন তার বাবা চলে যান। আকস্মিক পিতৃহারা নন্দিনীর জীবন রাতারাতি বদলে যায়। বাবা চলে যাওয়ার পর মা'ও অসুস্থ হয়ে পড়েন, শয্যাশায়ী অবস্থা দেখে নন্দিনীর দাদা তার মাকে কিছুদিনের জন্য সাথে নিয়ে যায়। তবে তার যাওয়া সম্ভব নয় তাই মামার কাছে থাকতে শুরু করে, কিন্তু কিছু হিতাকাঙ্খী আত্মীয়স্বজনরা প্রত্যহ জানান দিতে থাকে "কন্যাদায় বড় দায়", সাথে আনতে থাকে বিবাহ প্রস্তাব। অবশেষে পূর্ব পরিচিত কলকাতার বেশ

নামকরা ধনী ব্যবসায়ী পরিবারে একমাত্র পুত্র দিব্যজ্যোতি রায় এর সাথে নন্দিনীর বিয়ে হয়ে যায়। প্রথম দিকে পড়াশোনা চালিয়ে গেলেও বছরখানেকের মধ্যে তাদের জীবনে আসে তাদের ছেলে অভ্রজ্যোতি। আর কি! নন্দিনীও জীবনের নতুন ছন্দে, আনন্দে মেতে ওঠে ওদের ছেলেকে নিয়ে। চোখের পলকে ঝাপসা হয়ে উবে যায় বেশ ক'টা বছর। তার মধ্যেই কেনা হয় সাদার্ন এভিনিউ এর বিলাস বহুল বহুতলের ফ্ল্যাট। অল্পদিনের মধ্যেই আপন মনের মাধুরী মিশিয়ে সাজিয়ে তোলে নন্দিনী নতুন ফ্ল্যাটের সুখী গৃহকোণ। রঙিন স্বপ্নের মোড়কে ভালো-বাসা র প্রতিটি কোণে রঙের ছোঁয়া লেগে থাকলেও ব্যস্ততা আর দায় ভারে ততদিনে নন্দিনী দিব্য-র সম্পর্কে মলিনতা যোগ হয়েছে। কয়েক বছরে দিব্যর ব্যবসার পরিধির সাথে সাথে কর্মব্যস্ততা অনেক গুণে বেড়ে যায়। প্রায়শই দেশের বিভিন্ন প্রান্তে এমনকি বিদেশেও যেতে হত। নন্দিনীর অবশ্য খুব ইচ্ছা করত দিব্যর সাথে দেশের বাইরে বেড়াতে যাওয়ার কিন্তু অভ্রর পরীক্ষা নয়তো এটা, সেটা লেগেই থাকতো। প্রথম প্রথম দিব্য সাথে যাওয়ার কথা বললেও পরের দিকে অভ্রর কথা ভেবে বলাও ছেড়ে দিয়েছিল। নন্দিনী দিব্যর তোলা গুটিকয়েক ছবি দেখেই মনে মনেই আন্দাজ করে নিতো মার্চ মাসের বরফে ঢাকা লন্ডন শহর কতটা মোহময়ী, নিউইয়র্কের ঝলমলে আলোর ভিড়ে নিজেকে হারিয়ে কেমন লাগে কিংবা আইফেল টাওয়ারের উচ্চতায় প্যারিস শহরকে কতটা রোমান্টিক মনে হয়।

অভ্র একটু বড় হলে নন্দিনী নিজের ব্যক্তিগত অস্তিত্ব বজায়ে একটি বেসরকারী ব্যাঙ্কে কাজ নেয়। কিন্তু দিব্য কর্মসূত্রে বিভিন্ন সময়ে বাইরে থাকায় কাজের লোকের ভরসায় রাখা অভ্রকে নিয়ে বেশ কিছু সমস্যার সম্মুখীন হতে হয়। দিব্যর মতে "কি দরকার চাকরি করার, ছেলেকে দেখে রাখাটাই সবচেয়ে গুরুত্বপূর্ণ হওয়া উচিত"। তাই খুব বেশী দিন আর চাকরিটা চালিয়ে যাওয়া সম্ভব হয় না। নিজেকে ব্যস্ত রাখতে, সবার সময়ের সাথে সামঞ্জস্য রক্ষার্থে একটি NGO সংস্থায় যোগ দেয়। নন্দিনীর ব্যক্তিত্ব এবং বলিষ্ঠ চরিত্র অল্পদিনের মধ্যেই কর্মক্ষেত্রেও সকলের নজর কাড়ে। অবশ্য সেবিষয়ে অনেক তির্যক মন্তব্যও তার কানে আসতে থাকে। যেমন '"ঘরের খেয়ে বনের মোষ তাড়ানো", "উচ্চবিত্তের ভালো টাইমপাসের জায়গা" ইত্যাদি ইত্যাদি। সব মিলিয়ে জীবনের স্থিতিশীল পরিস্থিতিতে বেশ ধাতস্থ হয়ে গিয়েছিল সে।

|| ৪ ||

শ্রীময়ী শনিবার যথাসময়ে পোঁছে যায় নন্দিনীর বাড়ি। অন্যদিনের মতোই দিব্য, অভ্র দুজনেই তখন বাড়ি নেই, তাই সোজা ভিতরের ঘরে নিয়ে গিয়ে বসায় নন্দিনী। শুরু করে প্রতিবেশিনী সুজাতা বোসের ঐতিহাসিক আগমনের কথা দিয়ে।

ড: সুজাতা বোস, যাদবপুর বিশ্ববিদ্যালয়ের ইতিহাস এর অবসরপ্রাপ্ত অধ্যাপক, বয়স তা প্রায় সত্তরোর্ধ হবে। পুরনো বসত বাড়িটিতে প্রোমোটিং চলছে বলে ছেলের কাছেই আছেন এখন। তবে ওনার আর একটি মেয়ে আছে, দেরাদুনে থাকে। মাঝে মাঝে সেখানে গিয়েও সময় কাটিয়ে আসেন। কথা মাধ্যমে জানা যায় তিনিই এক সপ্তাহ আগে সাংমাকে নন্দিনীর কাছে নিয়ে আসেন। সাংমার ১৭ কি ১৮ বছর বয়স, দার্জিলিঙে একটি টি এস্টেটে তার মায়ের সাথে কাজে করতো। মুখটা পাহাড়িয়া চ্যাপ্টা ভাবের হলেও বেশ চোখে পড়ার মতো গঠন তার। দুর্ভাগ্যবশত এস্টেট এর মালিকের ছেলের কুনজরে পরে যায়। তারপর যখন জানতে পারে অন্ত:সত্ত্বা তখন দিনমজুর মাকে সাথে গিয়ে মালিককে জানিয়েছিল কিন্তু কোনো ফল হয়নি। পুলিশের কাছে যাবে বললে তাদের চা-বাগানের কাজটাও চলে যায়। এখন প্রাণ নাশের হুমকি দিচ্ছে। হয়তো অভাব মানুষের লড়াই করার ক্ষমতাকে বেঁধে দেয়। কোনো রকমে তাই প্রাণ বাঁচিয়ে কলকাতায় ওর মামা অর্থাৎ ড: সুজাতা বোসের ড্রাইভার বাবু'র কাছে এসে উঠেছে। বাবু বহু বছর কলকাতায় বোস বাড়ির ড্রাইভার হিসাবে পরিচিত। প্রথমে বলে ক'মাস থেকে পরে চলে যাবে সাংমা, তাই একটা কাজের খুব প্রয়োজন ওর । বিপদে পড়ে নন্দিনীর কথাই ড: বোসের মনে হয়েছে। পাহাড়িয়া কর্মঠ,পরিশ্রমী সাংমা বেশ চটপটে স্বভাবেরও তা নন্দিনী ক'দিনেই বুঝেছে। নন্দিনীর সাথে সাংমা ডাক্তারের কাছেও যায়, ডাক্তারের কথা অনুযায়ী বেশ অনেকটাই দেরী হয়ে গেছে সুতরাং বাচ্চার জন্য অপেক্ষা ছাড়া উপায় নেই। সাংমা কান্নাকাটি করে জানায় বাচ্চাটিকে অনাথ আশ্রমে দিয়ে আবার নতুন করে শুরু করতে চায়। নন্দিনী ওকে যদিও বুঝিয়েছে "পড়াশোনা শেখাবি, এমন করে মানুষ করবি যাতে ওর সরলতার সুযোগ আর কেউ না নেয়, মানুষ করবি।" উত্তরে সে জানায় "তাদের সমাজ বিবাহ বহির্ভূত সন্তান ও তাকে কখনই মেনে নেবে না। অভাবের সংসার কি হয় দিদি তুমি বুঝবে না। সত্যিই হয়তো! নিজের সমস্যায় অভিযোগ থাকলেও অভাব কি জিনিস তার হয়তো জানা নেই। তাই মানুষ হিসাবে, একজন মেয়ে হয়ে সাংমার পাশে দাঁড়ায়। আইনের সাহায্য নিতে বললেও রাজি হয়না সাংমা। এদিকে এসবের কোনো কিছুই দিব্যর আড়ালে হয়না। নন্দিনীর পরোপকারী মনোভাব বা কারোর অসহায়তাকে আঘাত না করতে চাইলেও ভবিষ্যতের কথা আশঙ্কা করে দিব্য সাংমাকে রাখতে রাজি হয় না।

এমনকি অভ্রও আছে। যদিও এবছরে বাইরে ইঞ্জিনিয়ারিং কলেজে সুযোগ পাওয়ার পর থেকে কলেজ হোস্টেলে থাকে তবে সে ছুটিতে বাবা মা'র কাছে বাড়ি আসে। কিন্তু তবুও বাড়ি রাখতে যাবে কেন? NGO র পরিচিত হোম গুলিতে ব্যবস্থা করলেই তো হয়। দিব্যর কথায় বিভিন্ন লোক বিভিন্ন রকম কথা বলবে সেখানে দিব্য নন্দিনীর সম্পর্ক তথা চরিত্র নিয়েও প্রশ্ন উঠতে পারে। নন্দিনীর দায়বোধের কাছে দিব্যর আশঙ্কা গুলি অযথা ভাবনা মাত্র শোনায়।

|| ৫ ||

এরপর মাস তিনেক বাদে সাংমার একটি মেয়ে হয়, নন্দিনীই তার ডাকনাম রাখে মোমো। ফর্সা টুকটুকে, ছোট্ট চোখ নাক বিশিষ্ট নরম তুলতুলে মোমো পুরো যেন একটা পুতুল। ঠিক যেমনটা মনের মাঝে ইচ্ছা হয়েছিল নন্দিনীর কিন্তু ব্যস্ততার ভিড়ে মনেই চাপা পড়েছিল। ভগবান তাই হয়তো তার কাছে মোমোকে পাঠিয়েছেন। হওয়ার মাস খানেক পরেই সাংমা চলে যেতে চায়। পা জড়িয়ে কেঁদে বলে "মোমো কে তুমি রাখো দিদি। তোমার থেকে ভালো করে মানুষ ওকে কেউ করতে পারবে না।" এতটুকু দুধের শিশুকে অন্তত আর কিছুদিন বোতলে অভ্যস্ত হওয়া পর্যন্ত অপেক্ষা করার অনুরোধ করে নন্দিনী। যদিও বোঝে সাংমার জন্য এক একটা দিন কতটা কঠিন হয়ে পড়ছে। এরমধ্যে একদিন সকালে আবিষ্কার করে সাংমা চলে গিয়েছে। ড্রাইভার বাবু নিজেই এসে হাতে পায়ে ধরে ক্ষমা চেয়ে বলেছে সারাজীবন নন্দিনীর কাছে কৃতজ্ঞ থাকবে।

নন্দিনী চাইলেও এভাবে অন্যের বাচ্চা রাখা যায় না। দিব্যকে জানায় মোমোকে দত্তক নেওয়ার কথা। দিব্য ভালোই আন্দাজ করেছিল কিভাবে দিনের পর দিন নন্দিনী মায়ার বাঁধনে আটকে পড়েছে। কিন্তু বাচ্চাটিকে রেখে সাংমার চলে যাওয়াতে পূর্বাভাস মতোই জীবনে শুরু হয় ঝড়, যে ঝড়ে প্রত্যাশিত সামাজিক আশঙ্কাগুলো গৌণ হয়ে মুখ্য হয়ে দাঁড়ায় অপ্রত্যাশিত কারণ গুলোই।

দিব্য নন্দিনীকে বলে "এলাকার তো কারোর জানতেই বাকি নেই। যে লোকগুলো আজ তোমায় মাথায় করছে, বাহবা দিচ্ছে, তারাই হয়তো একদিন ছোট্ট শিশু মনে আঘাত হানবে। কখনও ভেবে দেখেছে কি অবস্থা হবে? সামলাতে পারবে

তো সেদিন? আগলাতে পারবে তো?'' 'ওর লেপচা অধিবাসী চেহারা দেখে সকলে ওকে প্রশ্নবাণে বিদ্ধ করবে তখন? আর যদি সাংমা বা ওর পরিবারের কেউ এসে দাবী করে?'' নন্দিনীর কাছে স্পষ্ট উত্তর না থাকলেও, জানায় সবটা জানিয়েই সে বড় করবে তার মোমোকে। এই এতো বড়ো সিদ্ধান্ত কখনোই তার একার পক্ষে নেওয়া সম্ভব না হলেও অসম্ভবও নয়। স্পষ্টত জানিয়ে দেয় মোমোকে তার অসহায় গর্ভধারিনী ছেড়ে গেলেও সে এক সন্তানের মা হয়ে আর এক সন্তানকে কখনই অজানা অন্ধকারের উদ্দেশ্যে ছেড়ে দিতে পারবে না। দিব্যর যথাযথ প্রশ্নগুলি নন্দিনীর মনে কাঁটার মতো বিঁধলেও তার জেদ, অপত্য স্নেহ ও মাতৃত্বের যৌক্তিকতার কাছে তারা মাথা নোয়ায়।

|| ৬ ||

এভাবেই বেশ কিছুদিন পারও হয়ে যায়। এদিকে সব কিছুর মধ্যে তাদের ছেলে অভ্র কিন্তু কিছুতেই তার বাবা মা ও তার মাঝে মোমো র উপস্থিতি স্বাভাবিক ভাবে নিতে পারে না। মোমোর মুখের নতুন শব্দ ''মাম্মা-মাম্মা, বাব্বা-বাব্বা'' বাড়িতে নতুন আবহের সৃষ্টি করে। বাড়িতে সবসময় একটা শিশুর উপস্থিতি, কান্না হাসি, আলোচনা সব মিলিয়ে দিব্যকেও অচেনা ভালোবাসার বাহুডোরে বেঁধে ফেলে। অবশেষে দিব্য দত্তক নিতে রাজিও হয়ে যায়। ভারতীয় দত্তক আইনানুসারে সকল নিয়মাবলী ও শর্তানুযায়ী মোমোকে তারা সন্তান হিসাবে গ্রহণ করে। তবে তাদের ছেলেকে সবটা জানালেও সব কিছুতে ''উড়ে এসে জুড়ে বসা'' বোনের সমান অধিকার এবং পাকাপাকি ভাবে দওক নেওয়া বিষয়টা ছেলের পক্ষে মেনে নেওয়াটা অত্যন্ত কঠিন হয়ে পড়ে। অভ্র কলেজের ছুটিতে আসা বন্ধ করে দেয়। প্রদেশের দূরত্বের সাথে সাথে মনের দূরত্বও বেশ খানিকটা বাড়িয়ে দেয়। প্রথমে নানান অজুহাত দিলেও দিব্য ছেলের সাথে কথা বলে জানতে পারে তার বাড়ি আসতে ভালো লাগে না। যেটা নিজের বাড়ি ছিল অভ্রর কাছে সেটা মায়ের কৃপায় নাকি ''হোম'' এ পরিণত হয়েছে। সব অবস্থার জন্যই সে তার মাকে দায়ী করে। দেখতে দেখতে অভ্রর ইঞ্জিনিয়ারিং ডিগ্রি হাতে আসে। ঠিক হয় উচ্চশিক্ষার জন্য অভ্র তার মামার তদারকিতে বিদেশে পড়তে যাবে। যাওয়ার সবকিছু ঠিক হলে অভ্র যেন হাঁফ ছেড়ে বাঁচে।

মোমো বিষয়ে নন্দিনী ও দিব্যর সমীকরণ মিলে গেলেও তার ছেলে অভ্রর ব্যবহার শুধু নন্দিনী নয় দিব্যকেও অবাক করে, জানা অঙ্কে অজানা ভুলের ন্যায়। এতটা পরিবর্তন তারা আশা করেনি।

|| ৭ ||

নন্দিনী জীবনের ঝোড়ো আবহাওয়া চলাকালীন শ্রীময়ীর বিয়ে হয়ে যায়। শ্রীময়ী নতুন পরিবেশে অভ্যস্ত হওয়ার সাথেই নিজের জীবনের অবিন্যস্ত অধ্যায় গোছাতে ব্যস্ত হয়ে পড়ে।

স্বামীর আমেদাবাদ বদলিতে সেও সাথে যায়। নতুন শহর নতুন জীবনের রোমাঞ্চ উদ্ঘাটনে বেশ কিছুটা সময়ও যায়। নতুন মাটিতে শিকড়, শাখা প্রশাখা বিস্তারের মুহূর্তে শ্রীময়ীর কলকাতায় যাতায়াত ধীরে ধীরে কমতে থাকে। প্রথম প্রথম পুজোর আশেপাশে কলকাতা যাওয়া হলেও নিজে একটি চাকরি পাওয়ার পর আর বিশেষ যাওয়া হয়না বললেই চলে। চেনা শহরের অলিগলি, ভিড়ের কোলাহল সবটাই অচেনার ভাষায় অচেনা ভিড়ে হারিয়ে যেতে শুরু করে। মাঝে মধ্যে চিঠি বা ফোনে প্রিয়জনের খবরাখবর আসতো বটে, তাই দিয়ে বাকি সময়টা অদ্ভুত ভাবে নিশ্চিন্ত হয়ে কাটিয়ে দিতে শুরু করে। প্রত্যেকের জীবনই চলতে থাকে তার নিজস্ব গতিবিধি ও সময়ের ধারাবাহিকতায়। এসবেই বেশ খানিকটা সময়ও পার হয়। হঠাৎই একদিন একটি পার্সেল ও একটি চিঠি এসে পৌঁছায়। সামনেই জন্মদিন তাই হয়তো কোনো উপহার এসেছে। বাক্সটি টেবিলের উপর রেখে চিঠিটি খোলে। নন্দিনীর চিঠি। আনন্দে আবেগে চিঠি খুললেও পড়ার পর বিষন্নতার মেঘ ঘনিয়ে আসে। নন্দিনীর সুদীর্ঘ চিঠির সারাংশ হিসাবে উদ্ধার করে যে অভ্র হঠাৎই বিয়ে করেছে,বয়সে বেশ বড়ো পেশায় এক ফটোগ্রাফারকে। মা হিসাবে এক সন্তানকে আগলাতে গিয়ে আর এক সন্তান কবে কি ভাবে এতো দূর হয়ে গেল সত্যিই বুঝতে পারেনি নন্দিনী। হাতের পাঁচটা আঙুলের যে কোনো একটি কেটে গেলে বা ক্ষত সৃষ্টি হলে যে সমান ব্যথা অনুভূত হয়, মা যে তার সব সন্তানের কষ্টেই সমান যন্ত্রণা অনুভব করেন তা হয়তো কোন সন্তানই তেমন ভাবে বোঝেনা। সন্তান দূরে গেলেও মা বাবা সন্তান না দেখে বা দূরে বেশী দিন থাকতে পারে না। নন্দিনী ও দিব্য তাই ঠিক করেছে অভ্রর কাছে যাবে ইংল্যান্ডে, যাতে দূরত্ব কিছুটা হলেও কম করা সম্ভব হয়। এতোদিন পরে অবশ্য ছেলে খবরটি শুনে খুশিই হয়েছে। তার পরিবারকে ও ছেলে অভ্রকে তার বাবা মার আরো একবার কাছে পাওয়ার তাগিদকে স্বাগত জানায়। তাই কলকাতার ব্যবসার সমস্ত শেয়ার বিক্রি করে ওদেরই পার্টনার কোম্পানীর হেড অফিস ম্যাঞ্চেস্টার এ যোগ দিয়েছে দিব্য। এই এতো কিছু এক কথায় শেষ হয়ে গেলেও তাদের জন্য এটা মোটেও সহজ ছিল না। আগামী মাসে ২৫ তারিখ নন্দিনী, দিব্যর ও মোমো চলে যাবে ম্যাঞ্চেস্টার। সব ব্যবস্থা ইতিমধ্যেই হয়ে গিয়েছে, এবারে ওরা সত্যি সত্যিই যাবে, তারা মানে দিব্যর সাথে নন্দিনী ও মোমোও। শ্রীময়ী লক্ষ্য করে চিঠিটির তারিখের দিকে। ডাক বিভাগের গোলযোগে চিঠিটি পৌঁছালেও তারিখটি প্রায় মাস দুয়েক আগের।

মোটকথা এই ঘটনার পর পঞ্চাননও একটু বেশী সাবধান হয়েছেন। হালদারের রোগ ওঁর নেই, যেটা আছে সেটা এই বয়সে খুবই স্বাভাবিক। দুপুরে গিন্নীর গুছিয়ে দেওয়া টিফিনটা খেয়ে বিকেলের দিকে একটু ঝিমুনি আসে। সেরকম নাক ডাকিয়ে ভাতঘুম মোটেও না, নেহাতই ঝিমুনি। কিন্তু টেবিলে জমা ফাইলপত্তরের আড়াল থাকলেও কেউ কোনো দিন ওঁর অজান্তে টুক করে মোবাইলে ছবি তুলে "ম্যায় মুলাজিম হুঁ সরকারী" গোছের একটা মুখরোচক ক্যাপশন-সহ ফেসবুকে দিয়ে দিলেই কেস জন্ডিস। রিটায়ারমেন্টের মুখোমুখি এসে এরকম হেনস্থার কথা ভাবলেই গায়ে কাঁটা দেয়। এমনিতে এই ফেসবুক জিনিসটার মাথামুন্ডু বোঝেননা তিনি, একাউন্ট খোলার তো প্রশ্নই নেই। কিন্তু লোকমুখে এর যা কীর্তিকলাপ শোনেন, তাতে গভীর বিতৃষ্ণা জন্মে গেছে ওটার ওপর। যখন ছোট ছিলেন, দেখতেন রোজ বেলা বারোটা নাগাদ পাড়ার বুড়ি মানুষরা রান্নাবান্না চানটান ঠাকুরপুজো সেরে ওঁদের পুরোনো বাড়ির লাল সিমেন্টের রকে জমায়েত হতেন। ওঁর ঠাকুমা ছিলেন সেই দ্বিপ্রাহরিক আড্ডার মধ্যমণি। ফোকলা দাঁতে মুড়ি-বাতাসা বা চিঁড়ে-গুড় চিবোতে চিবোতে জগৎ সংসারের এমন বিষয় নেই যা নিয়ে আলোচনা করত না সেই বুড়ির দল। অমুক বাড়ির মেজো ছেলে ভিন্নজাতে বিয়ে করেছে বলে তাকে ত্যাজ্যপুত্তুর করা হবে, তমুকের মেয়ের বিয়েতে পাত্রপক্ষ এক কানাকড়িও পণ চায়নি, অমুকের ননদেরা দিনরাত উঠতে-বসতে খোঁটা দেয়, তমুকের বৌটা এতো দজ্জাল যে শাশুড়িকে তিনমাসে বাড়িছাড়া হতে হয়েছে -- এইরকম আরো কত কী। সিংহভাগই পরনিন্দা-পরচর্চা। তবে ধর্মকর্ম আর রান্নাবান্নার কথাও হতো অনেক। আরো একটা জিনিস হতো মাঝেমধ্যে -- আত্মগরিমা প্রচারের প্রতিযোগিতা। আমার ছেলে হেড-আপিসের বড়বাবু হয়েছে তার বিরাট হাঁকডাক, আমার নাতি 'ম্যাট্রিকে' এতো ভাল পাশ করেছে যে ওর 'ম্যাস্টররা' বলেছে এ-ছেলে দেশের মুখ উজ্জ্বল করবে, আমার নাতনীর এমন বনেদী ঘরে বিয়ে হয়েছে যে বাপের বাড়িতে বেড়াতে এলেও ঠাকুর-চাকর সঙ্গে নিয়ে আসে -- ইত্যাদি। এসব বহু যুগ আগের কথা। কিন্তু আধুনিক যুগের এই ফেসবুক-নামক সর্বজনীন আড্ডাখানায় যা হয় বলে শুনেছেন, সেটা কি এর থেকে খুব আলাদা? খোলাখুলি পরনিন্দা-পরচর্চা হয়তো হয়না, কিন্তু চোরাগোপ্তা বা ঠারেঠোরে তো চলতেই থাকে। যুগের সঙ্গে তাল রেখে আলোচ্য বিষয়বস্তুর পরিধিও বিশাল -- আহার-বিহার-বিনোদন-প্রসাধন-আবরণ-আভরণ-ফ্যাশন-প্যাশন কিছুই বাদ নেই। আর আত্ম প্রচার? ওরেব্বাবা ! "কাল মুম্বাই হয়ে গোয়ায় পৌঁছেছি। বর্ষায় গোয়ার বীচগুলো কী রোমান্টিক !" (সঙ্গে ছবি)। "ওমা, কী বিউটিফুল ! আমরাও না এখন হানিমুনে কাংড়া ভ্যালীতে। লাহুল-স্পিতি সিম্পলি এক্সকুইসিট।" (সঙ্গে আরো ছবি)। "ইস কী মজা করছিস রে তোরা ! কিন্তু কলকাতার পুজোটাই তো মিস করলি। আমরা তাই আন্দামান থেকে ভাইজ্যাগ হয়ে ষষ্ঠীর আগেই ফিরে এসেছি।" (সঙ্গে গোটা একটা পিকাসা অ্যালবামের লিংক)। "ওরে নাঃ, জনগণ কী মস্তি মারছে ! ওয়েটিং ফর মাই টার্ন। লক্ষ্মীপুজোর দিনই ব্যাংকক ফ্লাই করছি আমরা --"। এরকম চলতে থাকবে, চলতেই থাকবে, ক্রমশঃ বড় হতে থাকা স্নো-বলের মতো। আচ্ছা, এসবে ক্লান্তি আসেনা মানুষের? আসেনা বোধহয়। নাহলে কি আর মুখেভাত হবার আগেই আজকালকার শিশুদের 'মুখেবই' (মানে ফেসবুক একাউন্ট খোলা) হয়ে যায়? তবে নাতি নাতনীদের একটা ব্যাপার জেনে খুব মজা পেয়েছিলেন পঞ্চানন। ওই 'লাইক' করার ব্যাপারটা। চকিতে মনে পড়ে গিয়েছিল "হীরক রাজার দেশে"তে রাতের "ঠিক কিনা?" -- এই প্রশ্নের উত্তরে চাটুকার দের "ঠিক", "ঠিক", "ঠিক"। অথবা ছোটবেলায় ঠাকুমার দ্বিপ্রাহরিক রকের আড্ডায় শোনা "খাঁটি কথা কয়েছ চাটুজ্জে-গিন্নী", "এক্কেরে হক কথা গো বামুনদিদি" ইত্যাদি। পুরোনো জিনিস কেমন নতুন মোড়কে ফিরে ফিরে আসে।

কিন্তু একা রামে রক্ষা নেই, সুগ্রীব দোসর। ওই যে 'ট্যুইটার' না কী যেন। ছোটবেলায় মফস্বলের বাড়িতে ভোরবেলায় পাখির কুহু-কাকলিতে ঘুম ভাঙত। তখন কি স্বপ্নেও ভেবেছিলেন এই 'পাখির ডাক' কালের ফেরে বিশ্বায়িত, জনগনায়িত হয়ে প্রাণ ওষ্ঠাগত করে দেবে? খবরের কাগজে খেলার পাতা আর বিনোদনের পাতার আদ্ধেক জুড়ে সেলিব্রিটিদের ট্যুইট। আই পি এল ক্রিকেট টুর্নামেন্টে কেউ হয়তো পরপর তিনটে ছক্কা মারল, সঙ্গে সঙ্গে বলিউডের কোনো মহারথীর হাত নিশপিশ করে উঠল, ট্যুইটারে মেসেজ গেলো "কেয়াবাত! কেয়াবাত! চালিয়ে যাও গুরু, দুরমুশ করে দাও।" যা দেখে সেই হিরোর লেটেস্ট ছবির হিরোইন আর চুপ করে থাকতে না পেরে "বেশি বাতেলা করোনা ডার্লিং, ঘরের মাঠে সবাই রাজা। আসুক না আমাদের এখানে, দেখ লেঙ্গে !" ব্যস, মুহূর্তে শুরু হয়ে গেল চেন রিঅ্যাকশন। আর 'পাবলিক' নামক সর্বভুক পেটুকটি তো আছেই এসব গোগ্রাসে গেলার জন্য। মিডিয়াও সেরকম -- রাস্তার ধুলোবালিরও যদি মার্কেট ভ্যালু থাকে তাই তুলে এনে ডিশে সাজিয়ে যত্ন করে পরিবেশন করবে কাঁটাচামচ সহকারে। যাইহোক, সেলিব্রিটিদের 'কাকলি-কূজন' নিয়ে আদেখলেপনা নাহয় তাও মানা গেল। কারণ হাজার হলেও তেনারা তারকা, তাঁদের স্টারডাস্ট পেয়ে আমজনতার জীবন ধন্য হয়। রবিঠাকুর বলে গেছেন না,"শুধু তোমার বাণী নয়গো হে বন্ধু হে প্রিয়, মাঝে মাঝে প্রাণে তোমার পরশখানি দিও"? তো ওই তারকারাও শুধু রূপালি পর্দায় তেনাদের অমর বাণী (যথা "যো ডর গ্যায়ে সমঝো মোর গ্যায়ে", "আব তেরা

কেয়া হোগা কালিয়া?", "মোগাম্বো খুশ হুয়া", "পিকচার আভিভি বাকি হ্যায় দোস্ত", ইত্যাদি) বর্ষণ না করে মাঝে মাঝে ট্যুইটারে জনতার প্রাণে ক্ষণিকের পরশ দিয়ে যান। কিন্তু আমজনতা যখন ট্যুইট করে -- নিজেদের মধ্যে? সে এক অতুলনীয় অভিজ্ঞতা। সকালে হয়তো আপনি চা-টা খেয়ে আরাম করে খবরের কাগজটা নিয়ে বসেছেন, কারো কাছ থেকে ট্যুইট এলো "এইমাত্র বাজার করে ফিরলাম"। তা ফিরলি তো ফিরলি, আমার তাতে কী? আমি কি জানতে চেয়েছি? অতঃপর ট্যুইট, "বাজারে আজ পদ্মার ইলিশ বারোশো টাকা। কিনে আনলাম। " কিনেছিস বেশ করেছিস! পকেটে মাল্লু আছে, চুটিয়ে বাবুগিরি করেছিস, তা নিয়ে ঢ্যাঁড়া পেটানোর কী আছে? সঙ্গে সঙ্গে আবার ট্যুইট, "এখন বাথরুমে ঢুকব।" মহা মুশকিল তো! এরপর বাথরুমে ঢুকে কী করছিস সেটাও কি ট্যুইট করবি? আসলে বাস্তবে যারা নক্ষত্র জগতের বাসিন্দা হতে পারেনি, তারা এইভাবে নিজেদের নক্ষত্র কল্পনা করতে ভালোবাসে -- যেন তাদের প্রতিটি পদক্ষেপ, প্রতিটি নড়াচড়া ক্যামেরাবন্দী হয়ে সিনেমা হবে। ট্যুইটগুলো যাদের পাঠানো হচ্ছে তাদের কেমন লাগতে পারে -- সেসব ভাবার কোনো প্রশ্নই নেই। মাঝখান থেকে এই ট্যুইটারের নেশায় পঞ্চাননের নাতি নাতনীর প্রজন্মের ছেলেমেয়েরা ইংরেজী বানান ভুলে যাচ্ছে। ওখানে তো ভাওয়েল-টাওয়েলের বালাই নেই, শব্দের মাঝখানে হঠাৎই সিলেবেল উধাও হয়ে গিয়ে বসে পড়ে সংখ্যা বা বিচিত্র সব চিহ্ন। যেমন বৌমার অনুরোধে একদিন ছোটনাতিকে ইংরেজী ডিকটেশন দিচ্ছিলেন, দেখলেন ছেলেটা তাতে লিখেছে "ILL O8 4 U"। অর্থাৎ কিনা "আই উইল ওয়েট ফর ইউ"। EDUCATION-এর "I" টা বেমালুম বাদ। বলতে গেলে আবার কাঁধ ঝাঁকিয়ে ফিল্মস্টারি কায়দায় বলবে "ইটস নট ইম্পরট্যান্ট"। হ্যাঁ, সে তো একশোবার -- ট্যুইটারের চেয়ে ইম্পরট্যান্ট বিশ্বব্রহ্মাণ্ডে আর কিছু আছে নাকি?

যদি থাকে, তার নাম ইউটিউব। বিজ্ঞানীরা যে বলেন একজন মানুষের বংশগতি, চেহারা, জৈবিক প্রবৃত্তি, মানসিক গঠন এই সমস্ত কিছুর হদিশ পাওয়া যায় তার জেনেটিক কোড থেকে -- ভুল বলেন। আজকাল একজন মানুষের আসল পরিচয় জানা যায় তার ইউটিউব 'ফুটপ্রিন্ট' থেকে। তার জন্মের পরের প্রথম কান্না, অন্নপ্রাশনের প্রথম ভাত খাওয়া, হাতেখড়ির প্রথম অক্ষর, জন্মদিনের পার্টি, পৈতের অনুষ্ঠান, গ্র্যাজুয়েশন সেরিমনি, বিয়ের গায়েহলুদ, হানিমুন ট্রিপ, সন্তান জন্মানো -- সমস্তকিছু ভিডিও ফুটেজ-রূপে ইউটিউবে গচ্ছিত থাকে। যেন ইউনিভার্সাল ব্যাংকের সেফ ডিপোজিট। কেউ চাইলেই 'ক্যাশ উইথড্র' করে টাটকা টাটকা দেখিয়ে দাও। পঞ্চাননের এখন মনে পড়লে হাসি পায়, প্রথম যখন ইউটিউবের নাম শুনেছিলেন নাতনীর কাছে, ছোট্ট মেয়েটা লাফাতে লাফাতে এসে যখন বলেছিল "দাদু, আমার ইউটিউব দেখেছো? আমার ইউটিউব দেখেছো?", ঠিক বুঝতে পারেননি কিসের কথা জিজ্ঞেস করছে। ভেবেছিলেন হয়তো টুথপেস্ট বা গঁদের আঠার টিউব-ফিউব হারিয়ে ফেলেছে। বলেছিলেন ওর মায়ের ড্রেসিং টেবিলের ড্রয়ারগুলো ভালো করে খুঁজে দেখতে। শুনে সেই একরত্তি মেয়ের কী খিলখিল হাসি ! যাইহোক, এই ইউটিউব জিনিসটা যদি ওঁর ছোটবেলায় থাকতো, বেচারা বড়দা-টার আঙ্গুলগুলো বেঁচে যেত। পঞ্চাননের বড়দা আসলে স্কুলে পড়ার সময় মফস্বলের এক অখ্যাত গুরুর কাছে তবলা শিখতেন। সেই গুরুর কাছে মাঝেমধ্যেই বিখ্যাত তবলচিদের আসাযাওয়া ছিল. তাঁদের কেউ আল্লারাখার শিষ্য, কেউ বা উস্তাদ আলম খানের। হয়তো কোনো দিন গুরুর কাছে বড়দা সবে ঘন্টাতিনেক প্র্যাক্টিস করে উঠেছেন, আঙ্গুলগুলো টনটন করছে। ঠিক সেই সময় হাজির ঐরকম কোনো এক মহাগুরু। ছাত্রের পরিচয় পেয়েই তার পিঠ চাপড়ে "সাব্বাশ বেটা, দিখা তো জরা কেয়া শিখা"। ব্যস, আবার বাবু হয়ে বসে ধা-ধিন-ধিন-ধা না-তিন-তিন-তা -- যতক্ষণ না থামার অনুমতি মিলছে। আজকালকার ছেলে হলে হয়তো স্রেফ বলে দিত, "স্যার, আপনার ইমেল এড্রেসটা দিয়ে দিন, ইউটিউবের লিংকটা ফরওয়ার্ড করে দিচ্ছি -- ওতেই আমার সব রিসাইটাল পার্ফর্মেন্সগুলো আছে, দেখে নেবেন।"

অবশ্য এতকিছুর মধ্যে পঞ্চানন এই খবরও রাখেন যে এহেন ফেসবুক-ট্যুইটার-ইউটিউবের কল্যাণেই আট বছর আগে আরব দুনিয়ায় গণবিপ্লব ছড়িয়ে পড়েছিল দাবানলের মতো। দেশের পর দেশে যদি উল্টেছিলো একনায়কদের। একেই বলে e-গণতন্ত্র। আরো একটা চমকপ্রদ খবর শুনেছিলেন পাড়ার ভবতোষবাবুর বছর-দুয়েক আমেরিকায় কাটিয়ে আসা ছেলের কাছে। নিউইয়র্কে না কোথায় কোন এক প্রেক্ষাগৃহে ট্যুইটারপ্রেমী দর্শকদের জন্য আলাদা করে কিছু আসন নির্দিষ্ট করা থাকে, যেখানে বসে থিয়েটার চলাকালীনই তাঁরা ট্যুইট করে অভিনয় বা অভিনেতা সম্বন্ধে মতামত জানাতে পারেন। শুধু তাই নয়, সেই মন্তব্য অনুসারে দর্শকদের চাহিদা বুঝে তৎক্ষণাৎ বদলে যেতে পারে নাটকের গতিবিধিও। অর্থাৎ ইন্টারএক্টিভ হিস্ট্রিওনিক্স। শুনে ভাবছিলেন পঞ্চানন, এটা সেই শিশির ভাদুড়ী-অহীন্দ্র চৌধুরী-মহেন্দ্র গুপ্তর বা শম্ভু মিত্র-অজিতেশ বাঁড়ুজ্জের যুগে হলে ব্যাপারটা কিরকম দাঁড়াতো? হয়তো কোনো দুঃখের সিনে শিশিরবাবু আবেগ মথিত গলায় বলছেন "আমার সাজানো বাগান তছনছ হয়ে গেল"। দর্শকাসনে থেকে চোখের জল ধরে রাখতে না পেরে কিছু দর্শক ট্যুইট করল, দুঃখের একটু ওভারডোজ হয়ে যাচ্ছে। মেসেজ পেয়েই সঙ্গে সঙ্গে শিশিরবাবু সামলে নিলেন, "না না, মানে তছনছ হতে যাচ্ছিল, কিন্তু এখনো হয়নি -- আশা আছে"।

এইসব সাত-পাঁচ সত্তর-পঁচাত্তর ভাবতে ভাবতে প্রথমে অটো তারপর বাসে করে বাড়ি পৌঁছে গেলেন পঞ্চানন। হাতে তখনও আদি ঢাকেশ্বরীর প্যাকেটগুলো ধরা। গিন্নীর হুঁশিয়ারী সত্ত্বেও ভাবলেন একবার বাড়িতে নিয়ে গিয়ে চোখের দেখা দেখাবেন সবাইকে জিনিস গুলো -- হয়তো পছন্দ হতেও পারে। জুতো-টুতো খুলে ঘরে ঢুকতেই ছোটনাতি কোথা থেকে বোঁ করে দৌড়ে এসে সুর করে বলতে লাগল, "দা-আ-দু, দা-আ-দু, তুমি ধরা পড়ে গেছ, ঠাম্মাকে বলে দেব, বলে দেব।" তটস্থ হয়ে ভাবেন, আবার কী করলাম রে বাবা ! মুখে বললেন, "যা যা, মেলা বকিসনি তো। সামনে উইকলি টেস্ট না? এখন খেলে বেড়াচ্ছিস যে বড়? বলবো মাকে?" একটুও না দমে বাচ্চাটা প্যান্টের পকেট থেকে ফটাস করে বার করলো তার কলেজে পড়া জ্যাঠতুতো দাদার নতুন ব্লাকবেরীটা, কী সব টেপাটেপি করে চোখের সামনে মেলে ধরল জলজ্যান্ত সাক্ষ্যপ্রমাণ। তিনতলার চিলেকোঠার ছাদে একা পঞ্চানন -- হাতে জ্বলন্ত সিগারেট। বিচ্ছুর দল কোন ফাঁকে ক্যামেরাবন্দী করে ফেলেছে। হাই ব্লাডপ্রেসার আর হার্টের রুগী পঞ্চাননের যে ও-জিনিস একেবারে বারণ। এখন কী করে সামাল দেওয়া যায়?

হে ঈশ্বর! কী বিচিত্র তোমার লীলা। নিজের বাড়িতে নিজের চিলেকোঠার ঘরে নিজের একান্ত নিভৃত মুহূর্তে নিজের লুকোনো প্যাকেটের সিগারেট -- তারও কি একটুখানি অন্তরালের অধিকার নেই? বিশ্বজোড়া ফাঁদ পেতেছ, কেমনে দিই ফাঁকি?

করোনাভাইরাস / টাচফোন (অনুনাটিকা)

রাজু দাস

মদন : (ফোনে ডায়াল করার পরে) ওহে মন্টু আমি মদনদা বলছিরে। এই লকডাউনের মধ্যে বন্ধু বান্ধব আত্মীয় স্বজন কে কেমন আছেন তার খোঁজ খবর নিতে গিয়ে তোর কথা মনে পড়লো। অন্য সময় অফিসের ব্যস্ততার জন্য ফোন করা হতো না। তা তোরা কেমন আছিস বল ?

মন্টু : আর বোলোনা মদনদা, আমি একদম ভালো নেই গো। (কান্না)

মদন : কেন কি হয়েছে ! কাঁদছিস কেন?

মন্টু : আমি এখন স্টেজ থ্রি তে আছি গো মদনদা।

মদন : তা কি করে হবে ! আমাদের কেন্দ্রীয় সরকারের স্বাস্থ্য বিভাগ বলছেন, ভারত এখনো স্টেজ টু তে আছে। জনতা লকডাউন না মানলে সহজেই স্টেজ থ্রি তে পৌঁছে যাবে।

মন্টু : সে কথা ঠিক। তবে শোনো, আমি স্টেজ ওয়ানে, ঘুম থেকে উঠে ঘর মুছে, থালা বাসন মেজে, ব্রেকফাস্ট তৈরী করে গিন্নিকে বেডটি দিয়ে ঘুম ভাঙিয়েছি। স্টেজ টু তে, আমাদের দুজনের জামা প্যান্ট শাড়ি ব্লাউজ কেচে দুপুরের খাবার বানিয়েছি। আমার মিসেস শিপ্রা স্মার্টলি স্মার্টফোনে টাচ করে সময় কাটিয়েছেন।

মদন : বলিস কি !

মন্টু : এবার স্টেজ থ্রি র কথা শোনো, বিকেলে মুড়ি পিঁয়াজী, রাতে চিকেন কারি আর পরোটা বানিয়ে একটু ছাদে এসে আকাশ দেখছিলাম। জানো দাদা এ যাত্রায় কোভিড নাইনটিনের হাত থেকে বাঁচলেও শিপ্রার হাত থেকে মুক্তি পাবো বলে মনে হয় না।

মদন : এখন দ্যাখ্ কেমন লাগে। বিয়ের আগে পইপই করে বলেছিলাম - মন্টে মোটা টাকা পণের বিনিময়ে ঐ মোটা পাত্রীকে বিয়ে করিস নে। এবার ঠ্যালা সামলা।

মন্টু : তখন কি জানতাম, করোনার প্রকোপে এতদিন ঘরে বন্দি হয়ে থাকতে হবে। ছেলে মেয়ে দুজনেই বিদেশে আটকে পড়বে। ঝি চাকররাও আসবে না।

মদন : তা ঠিক। দেখিস লকডাউন উঠে গেলেই অদৃশ্য করোনা ভাইরাসের মূর্তি পুজোর ধুম লেগে যাবে ভারতে।

মন্টু : তা যা বলেছো। এবার তোমাদের খবর বলো মদনদা, ভালো আছো তো?

মদন : ফার্স্টক্লাস। তুই তো জানিস আমাদের লাভ ম্যারেজ।

মন্টু : সে তো জানি। বিয়ের আগে পাক্কা তিন বছর প্রেম চালিয়েছো তোমরা। রমা বৌদিকে ফোনটা দাও একটু কথা বলি।

মদন : ওকে এখন ডিসটার্ব করা যাবে না। পাশের ঘরে বসে টিভি তে মিরাক্কেল দেখছে।

মন্টু : তাহলে তুমিই বলো সময় কাটাচ্ছো কি ভাবে। তুমি যা আড্ডাবাজ মানুষ।

মদন : (ফিসফিস করে) তোকে একখান কথা বলতে পারি যদি আর কাউকে বলবি না কথা দিস ?

মন্টু : বলবো না। প্রমিস -

মদন : আমিও লকডাউনের পর থেকে ভালো নেইরে মন্টু। প্রত্যেকদিন তোর বৌদির হাতে রুটিবেলুনির পেটাই খাচ্ছি পিঠে (কাঁদে)

মন্টু : সে কি কেন কেন ?

মদন : আর বলিস না, রমার দু তিনজন বন্ধু নাকি ফেসবুকে দেখেছে তাদের স্বামীরা সংসারের যাবতীয় কাজকর্ম করছে এবং বৌরা টি ভি দেখছে। ঘুমোচ্ছে।

মন্টু : বেশ তো প্রতিদিন বেলুনির মার না খেয়ে তুমিও রান্নাবান্নার কাজ করা শুরু করো।

মদন : না রে মন্টে, আমি তোর মতো অতো বোকা নই। তুই তো জানিস না বিয়ের পর থেকে গিন্নির গালমন্দ শুনে শুনে যেমন বোবা হয়ে থেকেছি। এখন লকডাউনের ক'টাদিন তেমনি মার খেয়ে থাকবো। যাতে ভবিষ্যতে আমাকে গৃহকর্ম না করতে হয় হা: হা :

মন্টু : হা: হা: তোমার বুদ্ধিকে নীল সেলাম।

মদন : ভাইরে, সেবাকর্মী ও বিজ্ঞানীদের প্রচেষ্টায় অসংখ্য মানুষের মৃত্যুমিছিল একদিন থেমে যাবেই কিন্তু ঘর সংসারের কাজ তো কোনদিন থামবে না।

মন্টু : সে না হয় হলো, তুমি মাস্ক পরে বাজারে যাচ্ছো তো ?

মদন : তুই তো জানিস বাজারে গিয়ে চা খেতে খেতে বন্ধুদের সাথে আড্ডা মেরে, বাজার করে যতটা আনন্দ উপভোগ করি তার চাইতে বেশি গিন্নির গালমন্দ হজম করি ঘরে এসে অখাদ্য বাজার করেছি বলে। তবুও বাজারে যাচ্ছিলাম। কিন্তু কাল থেকে আর যাওয়া হবে না।

মন্টু : কেন কেন ?

মদন : আজকে সকালে গিন্নি বললে দিনের মধ্যে চোদ্দবার হাত ধোবার ফলে সাবান শেষ। চাল ডাল তেল মশলা বাড়ন্ত। হাতে থলি মুখে মাস্ক লাগিয়ে বাজারে যাও। গেলাম। মুখে মাস্ক পরা পুলিশ বললে - ঘরে যাও। আমি বললাম - " থাকবোনা কো বদ্ধ ঘরে, দেখবো এবার জগতটাকে " লাঠি উচিয়ে পুলিশ বললে - ক্যালাবো তোমাকে উল্টো করে, পাল্টে দেবো থোবড়াটাকে। যাও ঘরে যাও।

(ইতিমধ্যে চুপচাপ রমা পেছনে এসে ফোনের কথাবার্তা শুনছিলো)

রমা : শোনো দাসবাবু, কাল থেকে যতদিন না লকডাউন উঠছে তোমাকে আর বাজারে অথবা দোকানে যেতে হবে না। প্রয়োজনে বিনে পয়সায় একমাসে রেশনে দুই জনের কার্ডে যে চার কেজি চাল ও চার কেজি গম পেয়েছি তাই লবণ দিয়ে সেদ্ধ করে খেয়ে আমরা করোনা ভাইরাসকে রুখবোই রুখবো।

মদন : রুখবোই রুখবো (মুষ্টিবদ্ধ ফোন সহ হাত উপরে তুলতেই রমা ছোঁ মেরে টাচফোনটা কেড়ে নেবে)

রমা : এখন থেকে তোমার ফোনটা আমার কাছেই থাকবে।

মদন : একি তুমি ফিজিক্যাল ডিসট্যান্স ব্রেক করে, সাবান দিয়ে হাত না ধুয়ে ফোনটা নিয়ে নিলে, আমার সময় কাটবে কি করে?

রমা : (মৃদু হেসে) কেন ! আমি যেমন সারাদিন রেডিওতে নানাবিধ অনুষ্ঠান শুনতে শুনতে ঘরের কাজকর্ম করে সময় কাটাই। তুমিও তেমনি কাটাবে।

মদন : ঐ টাচফোনটাতে স্পর্শ না করতে না পারলে আমি যে পাগল হয়ে যাবো রমা।

রমা : জানি জানি ঐ ফোনটাই এখন তোমার সর্বক্ষণের সাথী প্রিয়তমা। আর আমি হলাম গুড ফর নাথিং।

মদন : রমা আমি তোমাকে কথা দিচ্ছি, কাল থেকে ঘরের সমস্ত কাজ দুজনে মিলেমিশে করবো।

রমা : সে ঠিক আছে। আগে এই টাচফোনে খুঁজে খুজে দেখে নিই এর মধ্যে কি এমন আছে যা আমার মধ্যে নেই।

মদন : লকডাউন উঠে গেলেই তোমাকে একটা টাচ ফোন কিনে দেবো রমু।

রমা : (হেসে) শোনো মদনমোহন, তুমি বুনো ওল হলেও আমি কিন্তু বাঘা তেঁতুল। একথা মনে রেখো হি: হি: হি:

মদন : লক্ষ্মীটি ফোনটা দাও (কেড়ে নিতে যায়)

রমা : স্ট্যাচু। ডোন্ট টাচ মি। তিনফুট শারীরিক দূরত্ব বজায় রাখো। নইলে অবধারিত কোভিড নাইনটিন।

মদন : অ্যা : (দুজনে স্ট্যাচু)

**********৮

মূল নাট্যসূত্র : জাহাঙ্গীর হোসেন।

২৩শে এপ্রিল ২০২০

ফেসবুকে টেলিড্রামাতে যারা অভিনয় করছেন : -

মন্টু : পায়েল চক্রবর্তী

রমা : নমিতা দাস

মদন : রাজু দাস

পরিবেশক : শান্তিকুঞ্জ নাটুকে দল।

ছায়াছবির চিত্রায়ন : নমিতা দাস।

মানবিক মূল্যবোধ

নমিতা দাস (কলকাতা)

আমার নাট্য পাগল স্বামীর মুখে বহুবার শুনেছি একটি নাম। যে ছিল গ্রাম্যজীবনের সর্বক্ষণের সহচর, দু:সম্পর্কের নাতি অনন্ত চৌধুরী। সেই অনন্ত বারো ক্লাসের ফাইনাল পরীক্ষা দিয়ে এক বেলার জন্য এসেছিল আমাদের শান্তিকুঞ্জে। সেও বত্রিশ বছর আগে। বছর খানেক আগে বাঘডোবা গ্রামে আমার মেজ ননদের বাড়িতে বেড়াতে গিয়ে পরিচয় হয়েছিল অনন্তর বাইশ বছরের সৌমদর্শন পুত্র অরূপের সাথে। যে গত তিন বছর রাশিয়ার কোন একটি মেডিক্যাল কলেজে ডাক্তারি পড়ছে। ওর মুখেই জানতে পারলাম ওর বাবা ছত্রিশগড়ের কোন একটি গ্রাম্য বাজারে ডাক্তারী করছেন। সেদিন সঙ্গে সঙ্গে অরূপ ফোনে ওর বাবাকে ধরিয়ে দিয়েছিল। অনেক গল্পগাথা, স্মৃতিচারণের পরে ওকে কথা দিতে হয়েছিল - আমরা অবশ্যই যাবো ছত্রিশগড়ে ওদের বাড়িতে। অগত্যা অনন্তর আন্তরিক আহ্বানে সাড়া দিয়ে চড়ে বসেছিলাম হাওড়া - মুম্বাই মেলে। শক্তি স্টেশনে সকাল সাতটায় ট্রেন থেকে নামতেই অনন্ত প্রনাম করে আমাদের বুকে জড়িয়ে ধরলো। আমি বললাম - এতো বছর পরে আমাদের কি করে চিনলে অনন্ত?

অনন্ত একগাল হেসে বললে - দিদা তোমাদের চুল দাড়ি পাকলেও দাদুর বিশাল নাকটি তো আর ছোট হয়ে যায় নি! চলো আমার চার-চাকা গাড়িতে যেতে যেতে কথা বলা যাবে। ত্রিশ কিলোমিটার পথতো আর চুপচাপ যাওয়া যাবে না। তাছাড়া এতো বছরের কত কথা কত স্মৃতি জমে আছে বুকের মাঝখানে। বলো দাদু!
তুমি ডাক্তারি পাশ কোন্ কলেজ থেকে করেছো?
- কৃষ্ণনগর আর্য়ুবেদিক কলেজ থেকে।
পাশ করার পরে কিছুদিন বিলাসপুরের কাছে একটি গ্রামে প্র্যাকটিস করতাম। সেখানেই সোমার সাথে পরিচয়। ভালো লাগা, তারপর বিয়ে। ওখানে শহর কাছে তাই চিকিৎসা জমছিল না। একদিন চলে এলাম এই অজ পাড়াগাঁয়ে।
আমি বললাম -আমরা এ সব কিছুই জানতাম না।
- জানেন দিদা, আমার দাদু মানে ডাক্তার হরিনাথ মন্ডলকে দেখেই ছোটবেলা থেকে মনে ইচ্ছে জেগেছিল , আমিও ডাক্তার হয়ে গরীবদের চিকিৎসা করবো। কিন্তু মেডিক্যাল কলেজে পড়ার সামর্থতো আমাদের ছিল না। দু'বেলা ভালোমন্দ খাবারই জুটতো না।

দাস বাবু বললেন - নমিতা তোমাদের দারিদ্র্য না দেখলেও আমি তো দেখেছি।
অনন্ত গাড়িটার স্পিড একটু কমিয়ে বললে - আমি তোমার কাছেও ঋনী দাদু।
- আমি তো তোমার কোন উপকার করতে পারিনি ! মা ছোট বোন মঞ্জুকে নিয়ে তখন আমরাই উদ্বাস্তু হয়ে জামাইবাবু ডা: হরিনাথ মন্ডলের ঘাড়ে চেপেছিলাম।
- এর কিছুদিন পরে তুমি নাটকের দল গড়ে বাংলাদেশের মুক্তি যুদ্ধের পটভূমিকায় নিজের লেখা "শপথ নিলাম" নাটক করেছিলে নাজিরপুর বাজারে। সে নাটকে আমাকে দিয়ে লতিফের চরিত্রে অভিনয় করিয়েছিলে। মনে পড়ছে?
- মনে ছিল না। এখন মনে পড়ছে। সেতো ১৯৭২ সালের কথা। সবে স্বাধীন বাংলাদেশ হয়েছে।
- তার পরে তোমরা কলকাতা চলে গেলে। আমি কিন্তু নাটকের দলটাকে বাঁচিয়ে রেখেছিলাম অনেক বছর। আমিই মুখ্য চরিত্রে অভিনয় করতাম।
তাহলে তুমি আমার নাট্যগুরু হলে কি না !
- আচ্ছা এখানে NRC/CAA এবং করোনা ভাইরাস নিয়ে জনসাধারণের মধ্যে সচেতনতা বা আতঙ্ক কতটুকু?
- এতটুকুও নয়। এ অঞ্চলে তো উদ্বাস্তু মানুষের কলোনী নেই। আদিবাসীরা অনাদিকাল থেকে এখানে বসবাস করছেন। এখানকার লোকেরা জীবনের জন্যই বাঁচে। বিলাসিতার জন্য বাঁচে না। শহরের প্রচার এখানে তেমন আঁচড় কাটতে পারেনা। তাছাড়া রায়পুরের মানাক্যাম্প ভিন্ন ছত্রিশগড়ে আর কোথাও বাঙালি উদ্বাস্তু কলোনী আছে কি না তা আমার জানা নেই।
- তা হলে কি রাজনৈতিক সচেতনতাবোধও নেই কৃষকদের ?
- কিছুটা আছে বলেই গত তিন বছরে যখন বি জে পি সরকার প্রতিশ্রুতি দেওয়া সত্বেও কৃষকদের কোনো উন্নয়ন করেনি তখনই ভোটের মাধ্যমে কংগ্রেসকে ফিরিয়ে আনলো।

স্টেশন থেকে অনেকটা মসৃনপথ পেরিয়ে গ্রামের কাঁচা রাস্তায় হেলতে দুলতে গায়ে গায়ে লেপটে থাকা ঘন বসতি পূর্ণ মাটির দেওয়াল এবং খোলার (টালি) ছাউনির বস্তির মধ্যে দিয়ে, কখনো বা একফসলি অনাবাদী ধানী জমির বুক চিড়ে, গোটা তিনেক ড: আম্বেদকরের স্ট্যাচুতে দৃষ্টি নিক্ষেপ করে এক সময় পাকা রাস্তার পাশে কাচন্দা বাজারে একটা বিশাল উঠোনে এসে দাঁড়ালো গাড়িটা।

সারি সারি কয়েকটি ঘরের মাথায় টিনের ছাউনি। দেয়াল পাকা। একপাশে ছোট্ট শিব মন্দির। অন্যপাশে ঔষধের বেশ বড় দোকান। গাড়ির গেট খুলে নামতেই একগাল হেসে নাতবৌ সোমা আমাকে বুকে জড়িয়ে ধরলো কতদিনের চেনা আপনজনের মতো। তাই দেখে আমার দাস মশাই উচ্চস্বরে বলে উঠলেন - শোন নাতবৌ, এরপরে আমাকে কিন্তু ভুলেও কখনো জড়িয়ে ধরো না। কারণ তোমার মতো যৌবনবতীর সাথে আলিঙ্গনের দৃশ্য তোমাদের দিদা দেখলে আমাদের তেতাল্লিশ বছরের দাম্পত্য জীবনের অবসান ঘটবেই।

হাসিমুখে সোমা জবাব দিল - আমার বয়েই গেছে, আমার হিরোর মতো দেখতে কচি বর থাকতে তোমাকে বুকে জড়াতে যাবো কোন্ দু:খে !
দাদু, এতো বছর পরে শেষ পযর্ন্ত তোমরা এলে। কি যে আনন্দ হচ্ছে আমাদের। আমি বললাম - এতো বছরে একবার অন্তত তোমরাও তো যেতে পারতে আমাদের বাড়িতে।

অনন্ত তিনটি লাগেজ নামিয়ে ঘরে রেখে এসে বললে- দিদা তোমরা ক'দিন এখানে থাকলেই বুঝতে পারবে, কেন আমরা একদিনের জন্যেও কোথাও বেরোতে পারিনা।

সোমা অনন্তর কথার পরে কথা জোড়ে - আমার সরকারি চাকুরী, রিম্পির পড়াশুনার চাপ, টিয়া পাখিটার একাকিত্ব। আর সবচেয়ে বড় বাধা হলো এখানকার দিন দরিদ্র আদিবাসী রোগীরা।

ওদের মিষ্টি মেয়ে রিম্পি একরাশ খোলাচুলে এসে পায়ে হাত দিয়ে আমাদের প্রণাম করে বললে - কি গো মা, দিদা দাদুকে ঘরে বসিয়ে গল্প করো না। জানোতো দিদা আমার ঠাকুরদাদা ঠাকুরমা, দিদা দাদু কেউ নেই তাই আমিও তোমাদের দিদা দাদু বলেই ডাকবো। চলো ঘরে চলো।

ঘরের দরজা পেরোতেই দেখি, ডাক্তার টেবিলের তিনপাশের বেঞ্চিতে বসে আছে জনা দশেক শীর্ণকায় স্বল্পদামি পোশাকের জনজাতির নারী পুরুষ। ওদের মধ্যে উদোম গায়ে শিশুরাও আছে।

আমাদের পরে অনন্ত ঢুকতেই ওরা একসাথে কপালে দুইহাত ঠেকিয়ে বলে উঠলো - নমস্তে মহারাজ ডাক্তারসাব।

কৌতূহল বশত অন্দর দরজায় দাঁড়িয়ে দেখলাম বেশ কিছুটা সময়।

অনন্ত ডাক্তার এক একজন রোগীর মাথায় হাত রেখে মিষ্টি হেসে ছত্রিশগড়ি ভাষায় জিজ্ঞাসা করছে - তোরা কা তকলিফ হ্যাঁয় ! তোমালা হামেশাই বোলাথান আভি ঋতু পরিবর্তন হোতে। তুমন থোড়াসি সাওবধানি সে রইহা। সাফসুতরো রইহা। তুমন হামার বাতলা নহি মানথস। শুন্ তুমান লাইকা মানলা ইস্কুল কাবার নাহি ভেজথাচ? (তোদের ছেলে মেয়েদের স্কুলে পাঠাচ্ছিস তো?)

ওদের মধ্যে একজন বললে - অঙ্গনওয়াড়ি ঔর মিডল ইস্কুল হ্যাঁয় ইসিলিয়ে বাচ্চামন খাইবার পাথে ডাক্তারসাহাব। (অঙ্গনওয়াড়ি আর মিডডে ইস্কুল আছে বলেই তো ওরা দু'মুঠো ভাত খেতে পারছে ডাক্তারসাব।)

কথার মাঝেই রোগীকে স্টেথোস্কোপ দিয়ে অনুভব করে হৃদপিন্ডের স্পন্দন। প্রেসার মাপে। অভুক্তদের সুগার মাপে।

অবশেষে আর্য়ুবেদিক, অ্যালোপ্যাথি অ্যান্টিবায়োটিক ট্যাবলেট, টনিক, আয়রন, ক্যালসিয়াম, ভিটামিন, কাউকে ইনজেকশন দিয়ে শুধু ন্যায্য দামটা নিয়ে বিদায় দেয় রোগীদের।

কয়েকজন রোগীর চিকিৎসা পদ্ধতি দেখে অনন্তকে জিজ্ঞাসা করলাম - তুমি তো ভিজিট নিলে না অনন্ত?

অনন্ত একটু ম্লান হেসে বললে - ওদের যে ভিজিট দেবার ক্ষমতা নেই দিদা। ঔষধ কোম্পানির 30% কমিশনেই আমাদের চলে যায়। তবে হ্যাঁ, অর্থবানদের কাছ থেকে পঞ্চাশ টাকা ভিজিট নিই। তাছাড়া ওদের কাছ থেকে অর্শ ভগন্দর ফিসচুলার জন্য আমাদের পূর্বজ নম:দের আবিষ্কৃত চাঁদসী পদ্ধতিতে অপারেশনে পাঁচ হাজার, প্রসব কেসে দু তিন হাজার টাকা নিই।
- আবার ক্ষেত্র বিশেষে বিনা পয়সাতেও চিকিৎসা অপারেশন করো, তাই তো?
- না করে উপায় কি দিদা ! এই কাচন্দা বাজারে প্রাইমারী আর্য়ুবেদিক হাসপাতাল আছে। কিন্তু ডাক্তার নেই। এখান থেকে আটমাইল দূরে জৈজৈপুর মহকুমার হাসপাতালে মাত্র ত্রিশটি বেড। সেখানেও ডাক্তারের সংখ্যা কম। এখান থেকে সকালে মাত্র তিনটি বাস মন্থরগতিতে বিলাসপুর, চম্পা, বারোদরা যায় বাদুড়-ঝোলা হয়ে। আবার বিকেলে ফিরে আসে হেলে দুলে। কুড়ি মাইলের মধ্যে আমিই একমাত্র ডাক্তার। তাই রাতবিরেতে দীন দরিদ্র রোগীরা চিকিৎসার জন্য আমার কাছেই ছুটে আসে।
- সিরিয়াস বা মেজর অপারেশন কেস এলে কি করো?
- এখানে তো আর অ্যাম্বুলেন্স নেই তাই আমার গাড়িতেই সদর হাসপাতালে পৌঁছে দিয়ে আসি। আপনি ভেতরে যান দিদা। অবসর সময় অনেক গল্প করবো।

মধ্যঘরের সোফায় আরাম করে বসে দাসবাবু তখন নাতবৌয়ের সাথে খাসগপ্পে মত্ত। একটু পরেই খাঁটি গরুর দুধে তৈরী চিনি ছাড়া দু'কাপ চা নিয়ে এলো রিম্পি। আমি খাটের ওপর আয়েশ করে বসে চা'য়ে এক চুমুক দিয়ে বললাম- একি তোমার বাবা মাকে চা দিলে না?

রিম্মি বললে - আমার বাবা কোন নেশাতেই আসক্ত নন। মা ও আমি শুধু সকাল সন্ধ্যায় দু'কাপ চা পান করি।
- বা: আচ্ছা সোমা, ডায়রিয়া, শ্বাসকষ্টের জন্য তোমরা স্যালাইন, অক্সিজেন সিলিন্ডার ব্যবহার করো না কেন?
- করি তো। ঐ পাশে দুটো ঘর আছে। একটি প্রসূতি মায়েদের জন্য। অন্যটি স্যালাইন, অক্সিজেনের জন্য।

দাস বাবু এতক্ষণ আমাদের কথাগুলি গিলছিলেন। এবার বললেন - আচ্ছা তোমাদের গেটের পাশে যে ছোট্ট সুন্দর শিবমন্দিরটা দেখলাম, ওটা কি তোমরা স্বপ্নে পেয়েছো?
- না না আসলে এখানকার লোকেরা বেশিরভাগ শৈব মানে শিবের ভক্ত। তাই প্রতি বছর শিবরাত্রিতে আপনার নাতি নিজেই পুজোপাঠ করে পাচঁ সাতশো লোককে নিরামিষ আহার করান।
- সেই কারণেই কী রোগীরা নমস্তে মহারাজ বলে অনন্তকে সম্বোধন করলো ?
- আপনার নাতি পাগলচাঁদের মতে দীক্ষিত হয়ে পৈতা ধারণ করেছেন। তাই এখানকার লোকেরা ভাবে আমরা ব্রাহ্মণ। তাছাড়া উচ্চবর্ণের রোগীরা বাধ্য না হলে নিম্নবর্ণের ডাক্তারের কাছে চিকিৎসা করাতে যায় না।
এখানে ব্রাহ্মণদের মহারাজ বলেই সম্বোধন করে সবাই।
- এখানকার সব্বাই মাকে কি বলে ডাকে জানো দিদা?
- তুমি না বললে আমি জানবো কি করে!
রিম্পি হেসে বললে - মহারাজী ডাক্তার ম্যাডাম।
- তোমার মা'ও চিকিৎসা করেন না কি?
- মা'তো মহকুমা হাসপাতালের ANM তাই বাইকে চেপে গ্রামে গ্রামে গিয়ে ঘন্টা চারেক ডিউটি করেন। বাকি সময় রান্না করেন। ঘর সংসার গোছানোর মাঝে ফিমেল পেশেন্ট দ্যাখেন। ঔষধের দোকান সামলান।
- শুনেছি তুমি কলেজে পড়ার সাথে সাথে মেডিকেল কলেজে ভর্তির প্রস্তুতিও নিচ্ছো। তা তুমি কি ডাক্তার হয়ে গ্রামে প্র্যাকটিস করবে না কি শহরে?
রিম্পি দ্বিধাহীন কণ্ঠে বলে - গ্রামে থাকারই তো ইচ্ছে কিন্তু - ! জানেন এখনকার গ্রামগুলিকে বস্তি বলে। বস্তির দরিদ্র মানুষেরা বড্ড সহজ সরল ভালো। তাই আমার বাবা মাকে খুব শ্রদ্ধা করে, ভালোবাসে। এদের পাশে তো কোন ডিগ্রী ধারী ডাক্তার নেই। তাই জন্য আমার বাবা পশ্চিমবংগের জনা দশেক বেকার শিক্ষিত ছেলেদের এখানে এনে,আমাদের বাড়িতে রেখে খাইয়ে পড়িয়ে হাতেকলমে ডাক্তারী শিখিয়ে বিভিন্ন বস্তিতে চিকিৎসক হিসাবে বসিয়েছেন। তাতে প্রাথমিক চিকিৎসাটুকু তো গরীবরা পাচ্ছেন!
- সত্যি কথা বলছি দিদু, তোমাদের বাড়িতে আসার আগে "কোয়াক ডাক্তারদের" সম্পর্কে আমার একটু অশ্রদ্ধার মনোভাব ছিল। আজ আর তা নেই। যদিও আমি জানতাম বহু দলিতবর্গের নম: পরিবারের বাঙালি শিক্ষিত বেকার ছেলেরা (অ্যালোপ্যাথি ট্যাবলেট, টনিক,ইনজেকশন সহ) আয়ুর্বেদিক, চাঁদশি মতে কিছুটা জ্ঞান অর্জন করে ভারতের বিভিন্ন প্রদেশের গ্রামবাসীদের প্রাথমিক চিকিৎসা প্রদান করে প্রচুর অর্থ উপার্জন করেছেন এবং করছেন।

সোমা তাড়া লাগায় - দাদু, দিদা বাথরুমে তেল সাবান গামছা গরমজল রেখে এসেছি। স্নান করে মাছ ভাত খেয়ে একটা ঘুম লাগাও। তারপর পাশের বড়বস্তি নদীর পাড়ের জাগ্রত শিবমন্দিরটা দেখিয়ে আনবো। ওঠো।

রোগী দেখার ফাঁকে একবার অনন্ত এসে আমাদের খাবারের তদবির করে গেল। ক্ষমাও চাইল একসঙ্গে খেতে বসতে না পারার জন্য। রিম্পিও বললো ও টিয়াপাখির সাথে একপাতে না খেলে পাখিটা খেতে চায় না।

রাতের ট্রেনে আমাদের ঘুম আসে না। ঘন্টা দুই ঘুমোনোর পরে জানলাম, সোমা এখনো ডিউটি থেকে ফেরেনি। ওর মিটিং আছে। তাই ফিরতে দেরি হবে।
অনন্ত সবে খেতে বসেছে। ওকে জিজ্ঞাসা করলাম - তুমি কি প্রতিদিন এই অবেলায় ভাত খাও?
- না। আসলে আমার খাবারের নির্দিষ্ট কোন সময় থাকে না। রোগীরা হয়তো খালিপেটে কত দূর থেকে পায়ে হেঁটে আসে আমার কাছে, আর সেই আমি কি ওদের বসিয়ে রেখে খাবার খেতে পারি?
- তুমি ধীরে সুস্থে খাও। আমরা একাই একটু তোমাদের বাজার, বস্তিটা ঘুরে আসি।
- আমাদের এই কাচন্দা বস্তিতে চার হাজার ভোটারদের বাস। অধিকাংশ দারিদ্র্যসীমার নীচে। মাটির দেওয়ালের বাড়ি ঘর তথৈবচ। ওদের মধ্যে দু' তিনশো একর চাষজমির উচ্চবর্ণের মালিকরাও আছেন। তাদের বেশভূষা চেহারা দেখে আন্দাজ করতে পারবে না। বাড়ি ঘর দেখেও না। ওদের শহরে পাকাবাড়ি গাড়ি আছে। সবাই ব্যবসা করেন। ফেরার পথে নদীর পাড়ের মন্দিরটাও দেখে আসবেন দাদু।

নাস্তিক দাসবাবু তাচ্ছিল্য ভাবে বললেন - না ভাই ঐ সব মন্দির মসজিদ গীর্জার প্রতি আমাদের কোন শ্রদ্ধা নেই। যতটা শ্রদ্ধা আছে মানুষের প্রতি।

পরের দিন সকাল পাঁচটায় ঘুম ভেঙ্গে গেল দুজনের চিৎকারে -''ডাক্তার সাব, ডাক্তার সাব''।

অনন্ত সোমার জীবনে দিন রাতের ঘুম, বিশ্রাম নির্ভর করে রোগীর আগমন প্রত্যাগমনের উপর। অসুখ বিসুখতো আর ডাক্তারের বিশ্রামের, ঘুমের হিসাব করে আসে না। তাছাড়া এখানকার দরিদ্র দলিত, অদলিত মানুষের জীবনে রোগগুলো যেন রাতেই আসে বেশি। রোগীরাও গত ত্রিশবছরে জেনে গেছে বাঙালি মহারাজ ডাক্তারের কাছে দিন রাত সবই সমান।

অনন্তের সাথে আমরা দুজনে দরজা খুলে বাইরে এসে দাঁড়ালাম। সকালের ম্লান আলোতে রাতের অন্ধকার তখন মুছে গেছে। গতকাল দুপুরে ৩৯ ডিগ্রী তাপমাত্রা থাকলেও আজকের সকালের হিমেল হাওয়া বুঝিয়ে দিল কিছুদিন আগে প্রবল শীতের দাপটে দরিদ্র মানুষের কাঁপুনি থামতো না।মহুয়া পলাশ শিরিষ গাছের ডালে বসে পাখিদের ভৈরবী সুরের কলতান ভেসে আসছে কর্ণকুহরে। রাতজাগা তিনটি নেড়িকুত্তা কুন্ডলী পাকিয়ে শুয়ে আছে অনন্ত ডাক্তারের গেটের পাশে। যেহেতু অনন্ত সোমা রিম্পির হাতের দেয়া খাবার খেয়েই বেঁচে আছে ওরা। ওরাতো আর কিছু সংখ্যক মানুষ নয় যে অকৃতজ্ঞ হবে!
অন্যদিকে একটি খোদাই ষাঁড় আরামে শুয়ে জাবর কাটছে।
অনন্ত বললে - হে লাইকা, কবর চিল্লাত রহেস। কা হোইস, কোন্ বিমার হওয়ে? (কি হয়েছে, কার অসুখ? চেম্বারে আয়।)
আগত তিনজনের একজন বললে - কোই বিমারি না হোই মহারাজ।
- তবে এমন চিৎকার করে ডাকছিলি কেন?
- মোর জিগরীদোস্ত যোগিন্দর যাদব, ঠাকুর সাহেব'কে তড়িয়াপাড় মহুয়া পেড়মে ফাঁসিয়া গেহে। (পুকুর পাড়ে, মহুয়া গাছের ডালে, গলায় ফাঁস লাগিয়ে ঝুলছে।)
- যোগিন্দর যাদব ! মতলব যো লেড়কা ইঞ্জিনিয়ারিং পড়কে বেকার বৈঠে হেয়?
- হে ডাক্তারসাব। কুছ দেড় পহলে মংলু ঝাড়পে লেট্রিন করনেকে লিয়ে যাকর দেখিস। (কিছুক্ষণ আগে মংলু পুকুরপাড়ে পায়খানা করতে গিয়ে দেখেছে।)
- তো আমি গিয়ে কি করবো ! এসব কেসে আমি তো আর ডেথ সার্টিফিকেট দিতে পারবো না। এসব পুলিশ কেস।

আর একজন মিনতি করে বললে - আপনি গিয়ে শুধু কানে যন্ত্র লাগিয়ে দেখবেন, যোগিন্দর বেঁচে আছে কি না।

বেঁচে থাকলে আমরা বডিটা গাছ থেকে নামাবো। তুরন্ত চলিয়ে ডাক্তার সাব।
অনন্ত সার্ট প্যান্টের বোতাম লাগাতে লাগাতে জানতে চাইল - যোগিন্দর হঠাৎ আত্মহত্যা করতে গেল কেন!
তোরা তো ওর বন্ধু বান্ধব। জানিস কিছু?

উত্তর বস্তির কলেজে পড়া আদিবাসী মেয়ে ছিমলীর সাথে গোতিয়াপাড়ার যোগিন্দর যাদবের প্রেম ছিল বহুদিনের। গতরাতে যোগিন্দর তার বাবা মা কাকাদের জানায় সে ছিমলীকে বিয়ে করতে চায়। এই জাতমারা কথা শোনার পরে রাগে অগ্নিশর্মা হয়ে যোগিন্দরকে লাঠিপেটা করে ওর বাবা এবং তিনি দলবল নিয়ে ছিমলীদের বাড়িঘর আগুনে পুড়িয়ে, মারধোর করে, পাড়া ছাড়া করে ছিমলীর বাবা মা ভাইকে। ভাগ্যিস তখন ছিমলী রায়গড়ে মাসির বাড়িতে ছিল। নইলে তাকেও পুড়িয়ে মারতো ধনকুবের যাদবরা।

এ কথা শুনে মহুয়ার ঠেক থেকে যোগিন্দরকে তুলে নিয়ে ওর বাড়িতে পৌঁছে দিয়ে আসি রাতে। তারপরে কখন যে গলায় ফাঁস লাগিয়েছে তা আমরা জানি না। আপনি আমার মোটরসাইকেলে বসুন।

ভট্ ভট্ শব্দে বাইকটা অনন্ত ডাক্তারকে নিয়ে মিলিয়ে গেল বস্তির কাঁচা পথে। নেড়িকুকুর তিনটি মাথা উচু করে একবার দেখেই পূর্ব অবস্থার মত কুন্ডলী পাকিয়ে নির্লিপ্ত ভাবে শুয়ে থাকে। ওরা যেন জানে শুধু ছত্রিশগড়ের মাটিতে নয়, এমন করে ভারতের সব প্রদেশেই দলিতদের বাড়ি ঘর পুড়িয়ে পাড়া ছাড়া করা হয়। দলিত নারীদের ধর্ষন করে গলায় ফাঁস লাগিয়ে ঝুলিয়ে দেওয়া হয়। কখনওবা ফাঁস লাগাতে বাধ্য করা হয় ছেলে মেয়েদের।
যদিও, এ ক্ষেত্রে না হয় দাম্ভিক বর্ণবাদী যাদবরা একঘরে হবার ভয়ে এবং কঠোর সমাজের অনুশাসনকে বজায় রাখতে নিজের ছেলেকেই গলায় ফাঁস লাগিয়ে গাছের ডালে ঝুলিয়ে দিয়েছে। যাতে ভবিষ্যতে আর কোন ছেলে মেয়েরা জাতের গন্ডী ভাঙার চেষ্টা না করে।
মনে পড়ে যায় পুরনো একটি কথা - মানুষের মন থেকে জাতপাতের উঁচু নীচু ভেদাভেদ যতদিন না মুছে যাবে, ততদিন মানুষের মানবিক মূল্যবোধের উন্মেষ ঘটবে না।

Royal Residency

Contact: Ashok Roy (91-98303 37384)

Starting at Rs 3990/- sq. ft.

Near Chinar Park, Dashadrone, Rajarhat (1.15 km from Chinar Park, 3.75 km from Airport)

(AC Community Hall, AC Gymnasium, AC Temple (Rooftop), Rooftop Garden, Vastu Approved, Beautiful Entrance & Corridor, Water Filtration Plant, 24 hr Generator Back-up, 24 hrs Security, Intercom & CCTV)

Our Project Partner: STATE BANK OF INDIA, ADITYA BIRLA HOUSING FINANCE LIMITED

Approved by: RAJARHAT RAPC   Developed by: Royal Construction



॥ শুভ শারদীয়া ॥

Puja Greetings

Dipti Prokash Roy, Indrani, Debjani, Deborshi, Isha, Rishaan & Roshni

অন্য অজুহাতে

ড. আতিউর রহমান

বাড়ালে হাত দূরত্ব আপনি বোঝা যায়
ঝাপসা হলেও মন থাকে দৃষ্টিতে,
বর্ষা ভেজায় অঘুম রাতের তারা
নামের ফলক পড়া কি যায়, যে পথ আড়াল রাখে...।।

ভালবাসার আকাশ মিথ্যে শুধুই
এক জীবনে হল না শোধ দেনা...
বোঝে মন দু' মেরু'তে জন্মের আড়াআড়ি
চলছে একা সময়, ঘরে ফেরে না।

থামল না স্টেশনে দূর পাল্লার ট্রেন
আজও একা ভিজে মন অপেক্ষায়,
শেষ দেখা এখন ফাঁকা স্মৃতির লেন
আসা যাওয়া দূরের সে চেনা অচেনায়।

বাড়ালে হাত দূরত্ব আপনি বোঝা যায়
ঝাপসা হলেও মন থাকে দৃষ্টিতে,
বর্ষা ভেজায় অঘুম রাতের তারা
নামের ফলক পড়া কি যায়, যে পথ আড়াল রাখে...।।

উজ্জীবন

ব্রতী ভট্টাচার্য

অস্তিত্ব কে শেষ বার শিকড় থেকে ছিন্ন করবার আগে,
হে ব্যাপ্ত উদার
তোমার দ্বিধাহীন স্বচ্ছতায় আমায় স্পষ্ট হতে দাও!
স্নাত হতে দাও আমায় তোমার অতল স্পর্শ পবিত্রতায়,
বাঙময় করো তোমার সবাক মৌনতায়|
আবৃত্ত ঘূর্ণিতে, ক্লেশে ক্লেদে পরিকীর্ণ চেতন আমার পরিশুদ্ধ করো।
তোমার স্বত-উৎসারিত তেজ
আমায় মুক্ত করুক অশেষে অনন্তে
নিরন্তর হোক উজ্জীবন!

On His Deep Memories

Jahar Haque

It was towards the very end of
Two thousand and nineteen
When his health and hope
Both began to fast decline.
And one morning
He expected me
To meet with him.
And sad that it did not happen
For not a fair reason.
And was more heartbreaking
That one early morning
He became no more to meet with.
To mitigate that murmur
That very night my heart cried
And cried hard
And did become
Soft and calm.
Then a known voice whispered,
"Bhaalo aachhi bhaalo theko.
Aakasher thikanay chithi likho."

The next morning I wrote to him
At the sky dot com:
My dear brother,
For many a year
I had gathered
A variety of your memories.
Some of those are truly
So charming and so pleasant
And some are not such pleasant
But touching much more.
And those that sound a bit funny
Are not crazy for sure.
And some of your memories are
So solemn and so deep and so loving.
And the most recent ones are
Much somber and very saddening.

Let me recall a few-
In the 22nd morning of last November
I texted to you,
"Shubho sakal; shubho janmodin.
Bhalobasa o' shubhechha neben;
Bhalo thakben".
And within a minute you replied,
"Dhonyobaad, tomra-o bhalo theko."

On another day when
You had not been
Feeling so well,
In response to my voice mail
You wrote,
"I am humbled; pray for me."
And I did pray for you.
I prayed with my four favorite words:
'Peace Be Upon You'.
And then I did repeat it
Several times
And many times.
Thereafter
My heart recited,
"Raabbana aatina fid duniya
Hasanaten woa fil akheraati
Hasanaten woa qina azabannar"
While exceedingly thinking of you
With my deepest love
And respect profound.

A few days later did reveal
That 'Time', the most powerful,
The one that came creeping
In a fast and fierce pace
To claim you form you and from us,
Reminding me
The 'Supreme Being' saying,
"Kaalo'smi loko-kshaya-krito probriddho
Lokan samahortum iho probrittoh."
It was truly so painful
To see you leaving fast forwarding
Everything yours remaining.

Back to my memoir,
During the celebration
Of our last Durga puja,

While cooking in the church kitchen
I came to know-
On the Facebook
You posted a picture with a caption
I paraphrase-
"This is Jahar, a good friend;
And sad that these days
He forgets to see me."
From the kitchen I rushed and said:
I am so sorry
And I hugged you.
That time
What could foretell me
That was our last meeting
And that was destined to be
Or a random chance
Indifferent!

Silently

Sanchita Mal Sarkar

Silently …
night falls on the Hudson River
birds come back to their nests
boats return to shore
tranquil breezes pass, murmuring through
verdant foliage
water trickles over smooth rocks
little crickets chirp
incessantly
your gentle touch and love
my heart fills with joy …

today's last sun-rays kiss the Hudson River
Greens and purples melt
into grey
no trace of stores and street lights
the faintly visible horizon disappears
in darkness
a simple sweetness of existing, of being, of breathing
in dark…

the September Night gets darker
starless and moonless sky
no twilight, only blackness
I can no longer see you in the dark
waiting for fireflies' flickering light
a loving silence hangs in the air
perhaps, silently watching me
grow accustomed to the dark

Lockdown পাঁচালী

দেবপ্রিয়া গোস্বামী

২৬ শে এপ্রিল, ২০২০ COVID-19, Ohio Lockdown পরিস্থিতিতে 'Bengali Cultural Society of Cleveland' দ্বারা Webex এর মাধ্যমে সংগঠিত "আজ একটু গল্প হোক" এ সদস্য দের থেকে সংগৃহীত গল্পের সারাংশ হিসাবে রচিত "Lockdown বিবৃতি"

ওহায়ো রাজ্য তথা ক্লীভল্যান্ড শহরে
আজি শীতের শেষে নতুন বসন্তের ডাক,
বৈশাখে হয় যেথা কখনও তুষারপাত
সেকথা পরে হবে এখন তোলা থাক।।

এমনইখানে আমাদের মতো কিছু
মাছে ভাতে সাধারণ বাঙালির বাস,
বারো মাসে তেরো পার্বন নিয়মিত হয়
ছন্দে গীতে আনন্দে ভরে একরাশ।।

সবই তো চলছিল ভালো, কিন্তু হঠাৎ
ছোঁয়াচে রোগ করোনা'র আগমন,
Invisible enemy রুখতে
ব্যস্ত আমাদের সকলের জীবন।।

রুদ্ধ হয়েছে সবখানের দ্বার
প্রত্যেকে হয়েছি যে যার গৃহেবন্দি,
Handmade mask বানিয়ে
এঁটেছি তাই মুক্তির ফন্দি।।

নেই কোনো বিশল্যকরণী সন্ধান
নেই জব্দ করারও কোনো অভিধান,
শুনছি social distancing নাকি
এই মুহূর্তের একমাত্র সমাধান।।

অযথা গুজব রটাবেন না
আতঙ্কিত হবেন না দেখে গণনা,
শুচিবাই কমবেশি হয়েছি সবাই
হাতে eczema নিয়েই তাড়াবো করোনা।।

বাজারে যাই, কেবল খাই আর শুই
মাঝে মাঝে অবশ্যই করি job 9 to five,
মরলে মরবো ভেবে কি হবে তাই
স্বর্গ থেকেই করবো তখন Facebook live।।

রীতিনীতি যাই হোক হালকা হবো কথা বলে
সাক্ষাতে হোক কিংবা Virtual,
দেশে থাকি অথবা বিদেশে
বাঙালির কি আর আড্ডা ছাড়া চলে।।

Webex এর সাহায্যে করা হয়
এক সান্ধ্যসভার আয়োজন,
অত:পর পানীয় হাতে শুরু হয়
একে একে বঙ্গের সাতকাহন।।

জলের দামে পেট্রল হলেও
একদম চলছে না কারোরই গাড়ি,
Netflix, Prime, Hotstarএ নেশামগ্ন
এ যেন কাজে ভরা bigbossএর বাড়ি ।।

কি খাই কি খাই রোগ বেড়েছে
Pantry পাহাড়াই এখন main task,
তাই ঘরের মধ্যেও বাধ্যতামূলক
হতে পারে বাইরের মতো mask।।

ডালগোনা চালগোনা'র পর
চা গোনাতেও কেউ হচ্ছেনা bore,
দাম্পত্য প্রেম উঠেছে উথলে
শুধু বাচ্চারা জালাচ্ছে দিনভর।।

অনেকে করেছেন canvasএ আর্কিবুকি
বানিয়েছেন কাগজের গয়না, crochet চটি,
অনেকে জ্যামিতি দিয়ে প্রমাণ করেছেন
পূর্ণিমার চাঁদ যেন ঝলসানো রুটি।।

বন্ধের বাজারে শুরু হল সব্জির চাষ
যাতে সব পাই একেবারে তাজা,
জানিয়ে রাখি ফোনে booking চলছে
যদি কারো খেতে ইচ্ছে হয় গজা।।

গানে ভুবন ভরিয়ে দিলেও
সাথে চলবে রাশি রাশি গল্প,
নিজ রেসিপি বা YouTube এর কৃপায়
এখন তো রন্ধনই শুধু শিল্প।।

চাল ডালের করেছি মাস তিনেকের stock
কিছুতেই দেবোনা তাতে হাত,
আর কিছু না জুটলে যে
খেতে হবে তো সেই ভাতে ভাত।।

অফিসে বসে meetingএর পর
Schoolএ online পড়ার সময় ধার্য,
ডাক্তার,নার্স, শিক্ষক জরুরী সেবায়
সকলের অবদান সত্যিই অনস্বীকার্য।।

ব্যস্ততার মাঝে সত্যিই ভুলেছিলাম
কোনটা secondary কোনটা prime,
Chinese Checker আর board game
এখন আমার favorite family time।।

Facebook, Twitter, Instagram
WhatsApp forward তো latest hobby,
সময় না কাটলে পরে করে নিই
News channel আর Googleএর study।।

আবিষ্কারের পথ চেয়ে আছে আনন্দ
2020 দেখি জীবনের সব চেয়ে বড় স্মৃতি,
ভালো আছি, ভালো থেকো বলেই তবে
শেষ করি আজকের lockdown বিবৃতি।।

The Hardships of a Table

Sourya Bhattacharya (10 Years)



When you eat or you put things
On a table, do you ever stop to wonder,
How this piece of furniture
Usually never does a blunder.

Try to imagine, how much it prays,
That what it's carrying will go elsewhere
And yet it's working hard,
It's implements and utensils it will bear!

Let's say you decide to make,
A big, mouthwatering turkey
And the table knows
For relaxing, his future's quite murky.

So, when you put things on your table
Like bowls and other objects,
Just remember to remember
To your table pay respects.

Illustrated by Sourya Bhattacharya

Very Berry

Anahita Chowdhury (8 Years)

Berry, berry,
What a berry delight!
Soo sweet,
Or so sour.
So small,
Or soo big.
Soo tasteful!
Or so plain.
Berry,
Very berry,
A world of berries,
Like berry juice,
Or berry you,
Hahaha,
BERRIES!!!

Illustrated by Anahita Chowdhury

Seasons Greetings to the Community

Jayanta,
Jean & Jagannath Das

শারদীয়া অভিনন্দন

গণেশ সেন, ইন্দিরা সেন

Snehakshi Mondal (6 Years)

Ayona Sen (7 Years)

Rohan Ghosh (9 Years)



Riyana Sengupta (8 Years)

Nehali Dey (9 Years)



Anushka Goswami (9 Years)

Aaryav Mukherjee (8 Years)

Sunset over the City with reflection on the Lake

Prachaya Upreti (9 Years)

Rishabh Deb (9 Years)

Blue Sky

Aaditri Ghosh (9 Years)

Sonakshi Mondal (11 Years)



Aryan Ghosh (12 Years)

Aanavi Biswas (11 Years)

Life is Colorful

Sumeet Chakravari (13 Years)

Riddhima Deb (13 Years)



Abstract ganesha

Aankhee Talukdar (15 Years)

Chumki Deb

Royal Elephant

Puja Ghosh



Ma Aschhen

Seema Das

Debolina Maity

Sharbani Ghosh

Mountains of Oregon

অমিতাভ চৌধুরী

শারদ সম্ভাষণ

উৎপল, শ্যামন্তী ও উষসী দত্ত

Puja Greetings

Suman, Soma & Sumeet
Chakravarti

শুভজিৎ ব্যানার্জী

গণেশের বাহন

বাবা রেসপনসিবি লিটি কাকে বলে
ওরে বাবা ... যেটা আমার নেই

যেমন এখন লাইট বন্ধ করা টা আমার রেস্পন্সিবিলিটি , যাতে তুমি ঘুমিয়ে পর

এলেক্সা লাইট বন্ধ কর,
শুভ রাত্রি,

পরদিন সকালে..স্কুল যাওয়ার সময়

আর তারপর থেকে গণেশের বাহন হল ইঁদুর.....	----- শুভ

“বরিষ ধরা মাঝে শান্তির বারি”
সকলকে আমাদের শুভেচ্ছা জানাই

Nitis, Chandana, Richik, Andrea,
Prateek Sarkar, Adrienne Day,
Diyamoni Sarkar and Harry

শারদ শুভকামনায়

রতন, বাসবী,
তিয়া ও তানী মৈত্র এবং খুশি!

মাতৃমন্দির পুন্যঅঙ্গন কর মহোজ্জ্বল...

Seasons Greetings to all our friends in the community

Rakesh, Ravi, Rimi, David, Arjun, Anita, Lily, Aria, Sipra & Amiya Banerjee

আমাদের ঘরে দুর্গা নেই; আমাদের মা আছেন।
মা মানে অনেক আলো!

আপনাদের সবাইকে শারদীয় শুভেচ্ছা:
তিতাস. শায়লা. জুনায়েদ. জুবায়ের এবং কুমু মমতাজ

Happy Durga Puja & Compliments for festive season

from Swapna, Bikram, Taniya, Anwesha, Sasha, Sanjoy, Melina, Camille & Samantha

এই মহামারীর সময়ে সবাই ভাল এবং সুস্থ থাকার জন্য রইল অনেক শুভকামনাঃ

“মুছে যাক গ্লানি ঘুচে যাক জরা
অগ্নি স্নানে শুচি হোক ধরা”

সুদিনের অপেক্ষায়-
ফাহমি, তন্ময়, ফাহিমা, আতিয়ুর

বিজয়ার প্রীতি
ও
শুভেচ্ছা জানাই।

Amit, Tanya, Rishav & Rhine

2020

শারদীয়া শুভেচ্ছা

- পার্থ, রানী, অনিকেত ও অয়না

সবাইকে শারদীয় অভিনন্দন

সৌমিত্র, মুক্তা, সোহন ও শালীন